



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রজেক্ট

ইউপিজিপি অপারেশন ম্যানুয়েল

সংশোধিত সংস্করণ নভেম্বর, ২০১২

আর্থিক ও কারিগরি সহায়তায়:



ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রজেক্ট
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সরকার
© স্থানীয় সরকার বিভাগ
ঢাকা, নভেম্বর ২০১২

শব্দসংক্ষেপের তালিকা

এএফএস	অ্যানুয়াল ফিন্যানশিয়াল সিস্টেম (বার্ষিক আর্থিক বিবৃতি)
বিবিজি	বেসিক ব্লক গ্র্যান্ট (মূল খোক বরাদ্দ)
বিজি	ব্লক গ্র্যান্ট (খোক বরাদ্দ)
বিডিটি	বাংলাদেশ টাকা (সেপ্টেম্বর ২০১১: ইউএসডি ১ = বিডিটি ৭৩.৫০)
সিবিও	কমিউনিটি বেজড অর্গানাইজেশন (স্থানীয় এলাকাভিত্তিক সংস্থা)
সিআইপি	কমিউনিটি ইনভেস্টমেন্ট প্ল্যান (স্থানীয় এলাকাভিত্তিক বিনিয়োগ পরিকল্পনা)
ডিডিএলজি	ডেপুটি ডিরেক্টর লোকাল গভর্নমেন্ট (উপপরিচালক স্থানীয় সরকার)
ইবিজি	এক্সটেন্ডেড ব্লক গ্র্যান্ট (বর্ধিত ব্লক বরাদ্দ)
ইপিবিজি	এক্সটেন্ডেড পারফরম্যান্স বেজড গ্র্যান্ট (বর্ধিত পারদর্শিতাভিত্তিক বরাদ্দ)
এফওয়াই	ফিন্যানশিয়াল ইয়ার (অর্থবছর)
জিওবি	গভর্নমেন্ট অব বাংলাদেশ (বাংলাদেশ সরকার)
এলজিডি	লোকাল গভর্নমেন্ট ডিভিশন (স্থানীয় সরকার বিভাগ)
এলজিএসপি	লোকাল গভর্নমেন্ট সাপোর্ট প্রোগ্রাম (স্থানীয় সরকার সহায়তা কর্মসূচি)
এলআইসি	লার্নিং অ্যান্ড ইনোভেশন কমপোনেন্ট (শিক্ষা ও উদ্ভাবনী অংশ)
এমসি	মিনিমাম কনডিশন (ন্যূনতম শর্ত)
এমডিজি	মিলিনিয়াম ডেভেলপমেন্ট গোলস (সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য)
এম অ্যান্ড ই	মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন
এনজিও	নন-গভর্নমেন্টাল অর্গানাইজেশন (বেসরকারি সংস্থা)
এনপিডি	ন্যাশনাল প্রজেক্ট ডিরেক্টর
পিবিডিজি	পারফরম্যান্স বেজড ডেভেলপমেন্ট গ্র্যান্ট
পিবিজি	পারফরম্যান্স বেজড গ্র্যান্ট
পিএফএম	পাবলিক ফিন্যানশিয়াল ম্যানেজমেন্ট
পিএম	পারফরম্যান্স মেজার
ইউএনসিডিএফ	ইউনাইটেড নেশনস ক্যাপিটাল ডেভেলপমেন্ট ফান্ড
ইউএনডিপি	ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট ফান্ড
ইউএনও	উপজেলা নির্বাহী অফিসার
ইউপি	ইউনিয়ন পরিষদ (সর্বনিম্ন স্থানীয় সরকার)
ইউপিজিপি	ইউনিয়ন পরিষদ গভর্নেন্স প্রজেক্ট
ইউপিজেড	উপজেলা
ইউজেডজিপি	উপজেলা গভর্নেন্স প্রজেক্ট
ইউজেডপি	উপজেলা পরিষদ
ডব্লিউডিসি	ওয়ার্ড ডেভেলপমেন্ট কমিটি
ওএসআর	ওন সোর্স রেভিনিউ
ডিসি	ডেপুটি কমিশনার (জেলা প্রশাসক)

মুখবন্ধ

ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রজেক্ট (ইউপিজিপি) সহযোগিতার একটি পরিমাপযোগ্য মডেল তৈরি করছে, যা ইউনিয়ন পরিষদগুলোর কার্যকারিতা আরও বাড়াবে। এখানে এ প্রকল্পটির বাস-বায়নের সঙ্গে সম্পর্কিত কর্মপদ্ধতি ও প্রক্রিয়াগুলো বর্ণনা করা হয়েছে। বিশেষ করে যারা প্রকল্পটি নিয়ে ইউনিয়ন পর্যায়ে কাজ করছেন তাদের জন্যই এটি লেখা। এ প্রকল্পের কার্যক্রম চালাতে গিয়ে ইউনিয়ন পরিষদগুলোর জন্য যেসব তথ্য প্রয়োজন হবে এখানে বর্ণিত কার্যপদ্ধতি, প্রক্রিয়া এবং উপস্থাপিত ফর্মগুলোতে তা পাওয়া যাবে। প্রকল্প থেকে পাওয়া আর্থিক সহায়তা ব্যবহারের জন্য প্রয়োজনীয় তথ্যও ইউপিগুলো এখন থেকে পাওয়া যাবে।

সরকার কর্তৃক ইতিমধ্যেই প্রকাশিত ইউপি অপারেশনাল ম্যানুয়েলে (ইউপিওএম) ইউনিয়ন পরিষদগুলোকে সাধারণ কার্যাবলি ও পদ্ধতি বিষয়ে মৌলিক নির্দেশনা দেওয়া হয়েছে। এতে ইউনিয়ন পরিষদগুলোর কাঠামো, অভ্যন্তরীণ সংগঠন, পরিকল্পনা ও বাজেট প্রণয়ন, ক্রয়, আর্থিক ব্যবস্থাপনা ইত্যাদি খুঁটিনাটি বিষয় উল্লেখ করা হয়েছে। এগুলো মূলত এসেছে সংশ্লিষ্ট আইন ও বিধিবিধান থেকে। ইউনিয়ন পরিষদকে শক্তিশালী করার জন্য অতীত অভিজ্ঞতা থেকে পাওয়া শিক্ষা লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট ২ (এলজিএসপি-২) তৈরিতে ব্যবহার করা হয়েছে। এখন দেশব্যাপী সব ইউনিয়ন পরিষদের কাজে তা অনুসরণ করা হচ্ছে। এলজিএসপি-২-এর কার্যক্রমের সঙ্গে সংশ্লিষ্ট খুঁটিনাটি বিষয়গুলো অপারেশন ম্যানুয়েলে সংযুক্তি ১ হিসেবে আছে। এ ম্যানুয়েলে বর্ণিত সাধারণ বিষয়গুলো এখানে পুনরুল্লেখ করা হয়নি। তবে ইউপিজিপির সক্ষমতা বৃদ্ধিসংক্রান্ত কার্যক্রমের গুরুত্বপূর্ণ বিষয়গুলো উল্লেখ করা হয়েছে।

ইউপিজিপি একটি উদ্ভাবনী পাইলট কর্মসূচি, যার লক্ষ্য স্থানীয় প্রশাসনকে শক্তিশালী করা। এটি দেশের ১০ শতাংশ ইউনিয়ন পরিষদের সঙ্গে কাজ করছে। এতে সক্ষমতা বৃদ্ধি, সহযোগিতা ও আর্থিক বরাদ্দকে যুক্ত করে উন্নয়ন পরিকল্পনা, আর্থিক ব্যবস্থাপনা ও গণজবাবদিহিতার মান ও সাম্য বৃদ্ধি করা হয়। এই লক্ষ্যকে জোরদার করা হয়েছে একগুচ্ছ সম্প্রসারিত মূল্যায়নী সূচক (Extended set of performance indicators) দিয়ে।

ইউপিজিপি বরাদ্দের (যার আরেক নাম সম্প্রসারিত পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ -ইপিবিজি) বরাদ্দ ও ব্যবহারের বিষয়টি সরকারের দেশব্যাপী বাস্তবায়িত বেসিক থোক বরাদ্দ (Basic Block Grant) কর্মসূচি এবং পারফরম্যান্সভিত্তিক বরাদ্দের সমান্তরালে বিন্যস্ত।

একটি গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, ইউপিজিপি অপারেশনাল ম্যানুয়েল ব্যবহার করতে হবে ইতিমধ্যেই বিদ্যমান ইউপি অপারেশন ম্যানুয়েল ও এলজিএসপি-২ অপারেশনাল ম্যানুয়েলে বর্ণিত তথ্যের অতিরিক্ত হিসেবে। তবে ধারাবাহিকতা রক্ষা করতে যেখানে প্রাসঙ্গিক মনে হয়েছে, সেসব ক্ষেত্রে ইউপি অপারেশন ম্যানুয়েল ও এলজিএসপি-২ অপারেশনাল ম্যানুয়েলের কিছু কিছু অংশ এখানে পুনরুল্লেখ করা হয়েছে। তবে সাধারণভাবে ইউপিজিপি ম্যানুয়েলের বিষয়বস' হচ্ছে সুনির্দিষ্ট ইউপিজিপি প্রকল্পসংক্রান্ত বিষয়। এর মধ্যে রয়েছে সম্প্রসারিত পারফরম্যান্সভিত্তিক বরাদ্দের (ইপিবিজি) খুঁটিনাটি বিষয় এবং ইউপির কার্যাবলি, পরিকল্পনা ও প্রতিবেদনের মতো বিষয়ভিত্তিক ক্ষেত্রে সম্পূরক তথ্য, যা বাংলাদেশ সরকার বা এলজিএসপি-২-এর মধ্যে সমন্বিত। উল্লেখ করা যেতে পারে, এ অপারেশন ম্যানুয়েল মূলত লেখা হয়েছে স্থানীয় পর্যায়ে ইউপি চেয়ারপারসন ও সচিবদের জন্য। এর লক্ষ্য হচ্ছে জাতীয় পর্যায়ের ব্যবহারকারীদের কাছে এখনো প্রাসঙ্গিক থাকা বিষয়গুলো পরিষ্কার, সহজ-সরল ও সুস্পষ্ট ভাষায় তুলে ধরা। এ ম্যানুয়েলটি ব্যবহারকারীবান্ধব হিসেবে তৈরি করা হয়েছে এবং সময়ে সময়ে একটি 'জীবন্ত দলিল'-এর মতো এর পরিমার্জন হবে।

সূচিপত্র

১. ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রকল্প- ভূমিকা
 - ১.১ প্রেক্ষাপট
 - ১.২ ইউপিজিপির লক্ষ্য, হাতিয়ার ও যৌক্তিক ভিত্তি
 - ১.৩ এলজিএসপি-২-এর সঙ্গে যোগসূত্র
 - ১.৪ ইউপিজিপির উদ্ভাবনের চিহ্নিত ক্ষেত্রসমূহ
 - ১.৫ ইউপিগুলোর ভৌগোলিক পরিধি
 - ১.৬ প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা
২. ইউনিয়ন পরিষদের উন্নততর সুশাসনের জন্য সক্ষমতা গড়ে তোলা
 - ২.১ উদ্দেশ্য ও যৌক্তিক ভিত্তি
 - ২.২ ইউনিয়ন পরিষদ পর্যায়ে বাধ্যতামূলক কার্যক্রম ও সভা
 - ২.৩ বাধ্যতামূলক কার্যক্রম ও পারফরম্যান্স মূল্যায়ন
৩. বার্ষিক মূল্যায়ন ও পারফরম্যান্স বরাদ্দ
 - ৩.১ উদ্দেশ্য ও যৌক্তিক ভিত্তি
 - ৩.২ সূচক ও স্কোর
 - ৩.৩ পারফরম্যান্স মূল্যায়ন বাস্তবায়ন
 - ৩.৪ মূল্যায়নের ফলাফল ঘোষণা ও আপিলের সম্ভাবনা
 - ৩.৫ পারফরম্যান্স কমপ্লিমেন্টের যোগ্যতার শর্ত ও মোট অংকের হিসাব
 - ৩.৬ পারফরম্যান্স বরাদ্দ: ইউপির স্বৈচ্ছাধীন উন্নয়ন বরাদ্দের একটি অংশ
 - ৩.৭ পারফরম্যান্স বরাদ্দের প্রভাব যাচাই ও মূল্যায়ন
৪. পারফরম্যান্স বরাদ্দের জন্য পরিকল্পনা ও বাজেট চক্র
 - ৪.১ পরিকল্পনা চক্র
 - ৪.২ ইউপিজিপির বিশদ পরিকল্পনা প্রক্রিয়া
 - ৪.৩ বরাদ্দের জন্য উপযুক্ত কার্যক্রম
 - ৪.৪ সমন্বিত উন্নয়ন বরাদ্দের পরিকল্পনা প্রক্রিয়া
৫. নিজস্ব উৎস থেকে রাজস্ব সংগ্রহ
 - ৫.১ ইউনিয়ন পরিষদ এবং রাজস্ব সংগ্রহ
 - ৫.২ নিজস্ব রাজস্ব সংগ্রহের ধাপগুলো
 - ৫.৩ রাজস্বের ভিত্তি সম্প্রসারণ
 - ৫.৪ রাজস্বের সঠিক মূল্যায়ন
 - ৫.৫ প্রণালীবদ্ধভাবে রাজস্ব সংগ্রহ
 - ৫.৬ সময়মতো রাজস্ব সংগ্রহে উৎসাহদান
 - ৫.৭ খেলাপিদের কাছ থেকে বকেয়া রাজস্ব আদায়ের উদ্যোগ
 - ৫.৮ ইউনিয়ন পরিষদের জন্য আয় সৃষ্টিকারী কার্যক্রম
৬. বরাদ্দের আর্থিক ব্যবস্থাপনা
 - ৬.১ একটি মৌলিক খোক বরাদ্দ হিসাব
 - ৬.২ ইউপিতে তহবিল সরবরাহ
 - ৬.৩ নিরীক্ষা
 - ৬.৪ প্রতিবেদন পেশের বাধ্যবাধকতা

পরিশিষ্ট

পরিশিষ্ট ১: সম্প্রসারিত (৪১টি) পারফরম্যান্স সূচকের জন্য স্কোরকার্ড

১. ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রকল্প : ভূমিকা

১.১ প্রেক্ষাপট

ইউনিয়ন পরিষদের (ইউপি) সূচনা হয়েছিল ঊনবিংশ শতাব্দীতে। অর্থাৎ এক শতাব্দীরও অনেক আগে থেকেই ইউপি বিদ্যমান। গত কয়েক দশকে ইউপিগুলো কেন্দ্রীয় সরকারের কর্মসূচি ও প্রকল্পের বাস্তবায়নকারী অঙ্গ হিসেবে মূলত তৃণমূল পর্যায়ে সামাজিক উন্নয়ন, প্রকল্প ও উপকারভোগী নির্বাচন এবং অন্যান্য উপকরণগত সহায়তার কাজ করেছে।

ইউনিয়ন পরিষদগুলো যৌক্তিকভাবেই স্থানীয় সরকার একক হিসেবে স্বীকৃত। তৃণমূল পর্যায়েই ভালোভাবে করা যায় এমন নির্দিষ্ট কিছু কার্য সম্পাদনের জন্য ইউপিকে ক্রমশই বেশি করে দায়িত্ব ও সহায়তা দেওয়া হচ্ছে। সিরাজগঞ্জ স্থানীয় সরকার উন্নয়ন প্রকল্পের (এসএলজিডিপি) অভিজ্ঞতার ভিত্তিতে কয়েক বছর ধরে সরকার ইউপিগুলোর কাছে সরাসরি আরও বেশি আর্থিক সম্পদ সরবরাহ করেছে। যেসব প্রকল্পের আওতায় এটি করা হয়েছে, তার মধ্যে রয়েছে লোকাল গভর্নমেন্টে সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি: সরকার ও বিশ্বব্যাংকের যৌথ অর্থায়ন), এর পরীক্ষামূলক “Learning and Innovation” (এলজিএসপি-এলআইসি: অর্থায়নে ইউএনডিপি, ইউএনসিডিএফ, ডানিডা ও ইসি) এবং HYSAWA, Sharique ও REOPA-এর মতো আরও কয়েকটি প্রকল্প। সম্প্রসারিত থোক বরাদ্দ ও সম্পূরক থোক বরাদ্দের মতো তহবিলের মাধ্যমে ইউপিগুলোকে তাদের নিজেদের পরিকল্পিত প্রকল্প বাস্তবায়নের সুযোগ দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট ইউপিগুলো প্রকল্প বাস্তবায়নের পূর্ণ দায়দায়িত্ব নেয়। এর মধ্যে প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনা ও জবাবদিহিতার বিষয়গুলোও ছিল। ওই প্রকল্পগুলো ইউপিগুলোকে ভবিষ্যতে বৃহত্তর দায়িত্ব গ্রহণের জন্য তৈরি হতেও সহায়তা করেছে। একই সঙ্গে তা স্থানীয় জনগণের অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি ও সেবার মান বৃদ্ধি করতে ভূমিকা রেখেছে।

গত কয়েক বছরে ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদ উভয়ের জন্যই নতুন আইন করা হয়েছে। এগুলো হচ্ছে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ ও উপজেলা পরিষদ পুনঃপ্রবর্তন ও সংশোধন আইন, ২০০৯। এলজিএসপি-এলআইসির মতো কর্মসূচিগুলো নতুন প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনাকে যাচাইয়ের মাধ্যমে নতুন আইন তৈরিতে অবদান রেখেছে। এসব কর্মসূচির মাধ্যমে গড়ে তোলা কর্মকৌশলগুলো (যেমন ওয়ার্ড সভা, নারী উন্নয়ন কমিটি) আনুষ্ঠানিক প্রাতিষ্ঠানিক কাঠামোর অংশে পরিণত হয়েছে।

২০১১/১২- অর্থবছরের শেষে এলজিএসপি ও এলজিএসপি/এলআইসির প্রথম পর্যায় শেষ হয়। সম্প্রসারিত থোক বরাদ্দ ও (ইবিজি) সম্পূরক থোক বরাদ্দের (এসবিজি) আওতায় বাস্তবায়িত প্রকল্পের সাফল্য এবং এগুলো যে অংশগ্রহণমূলক প্রক্রিয়া ও জবাবদিহির সুযোগ সৃষ্টি করেছে, তার প্রেক্ষাপটে বাংলাদেশ সরকার উন্নয়ন সহযোগীদের সহযোগিতায় আরও দুটি কর্মসূচি হাতে নিয়েছে। এগুলো হচ্ছে এলজিএসপি-২ এবং ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রোগ্রাম (ইউপিজিপি)। এসব কর্মসূচি ২০১১/১২ অর্থবছরে শুরু হয়েছে। এটি ইউপি আইনের পূর্ণ বাস্তবায়নে সহায়তা করছে।

এই ম্যানুয়েলে ইউপিজিপি কার্যক্রমের সুনির্দিষ্ট ব্যবস্থাপনাগুলো তুলে ধরা হয়েছে। ইউপিজিপি হচ্ছে বৃহত্তর এলজিএসপি-২ কর্মসূচির মধ্যে একটি পাইলট কর্মসূচি। এলজিএসপি-২ ও অন্যান্য আর্থিক বিকেন্দ্রীকরণ নীতির সংস্কার কার্যক্রমের জন্য তথ্য জোগানোই এ ম্যানুয়েলের লক্ষ্য।

টেক্সট বক্স ১.১: এলজিএসপি-২ এর সার্বিক লক্ষ্য
দ্বিতীয় স্থানীয় সরকার সহায়তা প্রকল্পের (এলজিএসপি-২) সার্বিক লক্ষ্য হচ্ছে ইউনিয়ন পরিষদগুলোকে দক্ষ, জবাবদিহিমূলক ও স্বচ্ছভাবে কাজ করতে শক্তিশালী করে তোলা। এতে স্থানীয় বিষয় অগ্রাধিকার পাবে।

১.২ ইউপিজিপির লক্ষ্য, উপায় ও যৌক্তিক ভিত্তি

এলজিএসপি-১ ও এলজিএসপি/এলআইসি এ দুটোরই মৌলিক উদ্দেশ্য ছিল ইউপিগুলোকে স্বতন্ত্র তহবিল সরবরাহ করা। এর আওতায় ইউপিগুলোকে তহবিল দেওয়া হয়েছে। এর ভিত্তিতে তারা স্থানীয় চাহিদার নিরিখে প্রকল্পের পরিকল্পনা এবং তারপর তা বাস্তবায়ন ও জবাবদিহির (আর্থিক জবাবদিহিসহ) পূর্ণ দায়িত্ব নিতে পারবে। স্বতন্ত্র খোক বরাদ্দ ইউপিগুলোকে কাজ করতে করতে শেখার সুযোগ দিয়েছে। এ ছাড়া তা নতুন ইউপি আইনে উল্লেখ করা ভূমিকাগুলো পালনে আরও সক্ষম হয়ে ওঠায় সহায়তা করেছে।

প্রথম পর্যায়ে এলজিএসপির কার্যক্রম ক্রমশ সম্প্রসারিত করে দেশের সব ইউপিতে নেওয়া হয়েছে। চলমান এলজিএসপি-২এর সময়কালে স্বতন্ত্র বরাদ্দের আওতাধীন কার্যক্রমের পরিধি আরও বাড়ানো হয়েছে। এর ফলে ইউপিগুলো নানা ক্ষুদ্র অবকাঠামো ছাড়াও বিভিন্ন সেবার পরিকল্পনা ও অর্থায়নে সক্ষম হচ্ছে। ইউপিগুলোর হাতে থাকা স্বতন্ত্র বরাদ্দের আকারও বাড়ানো হয়েছে। নির্দিষ্ট ইউপির পারফরম্যান্সের সঙ্গে সম্পর্কিত একটি বাড়তি বরাদ্দ যোগ করে তা করা হয়েছে। এটি করা হয়েছে এলজিএসপি/এলআইসির আওতায় ৬টি জেলায় পরীক্ষামূলকভাবে চালানো ব্যবস্থা র ভিত্তিতে। এলজিএসপি-২এর আওতায় এই বাড়তি পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ এখন দেশের সব ইউপিতে বাস্তবায়িত হচ্ছে।

এলজিএসপি/এলআইসির আওতাভুক্ত পারফরম্যান্সভিত্তিক বরাদ্দের মাধ্যমে গুরুত্বপূর্ণ ফলাফল ও সাফল্য পাওয়া গেছে। এর প্রেক্ষাপটে ইউপিকে আরও শক্তিশালী করতে সাতটি পাইলট জেলায় ইউপিজিপিতে এ কৌশলটি পরিমার্জিত করা হচ্ছে। সক্ষমতা বৃদ্ধি সহায়তা ও সম্প্রসারিত কিছু সূচকের ভিত্তিতে অতিরিক্ত বরাদ্দের মাধ্যমে তা করা হচ্ছে।

সুতরাং, ইউপিজিপির দুটো লক্ষ্য রয়েছে। একটির সঙ্গে আরেকটির সম্পর্ক খুব ঘনিষ্ঠ।

১. ইউপির যেসব গুরুত্বপূর্ণ কাজ গভর্ন্যান্সের সঙ্গে জড়িত, তার উন্নতিতে উৎসাহ ও সহযোগিতা দেওয়া।

২. পারফরম্যান্সভিত্তিক বরাদ্দের ব্যবস্থা টিকে যাচাই করে আরও উন্নত করা।

ইউপির বার্ষিক মূল্যায়নের মাধ্যমে উভয় লক্ষ্যই পরস্পরের সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত। এ মূল্যায়নে প্রথমত ইউপি গভর্ন্যান্সের গুরুত্বপূর্ণ দিকগুলোতে নজর দেওয়া হয় এবং দ্বিতীয়ত বাস্তবায়ন এবং/অথবা প্রতিযোগিতা ও পুরস্কারের মাধ্যমে ইউপিগুলোর উন্নততর পারফরম্যান্স নিশ্চিত করতে চায়।

লক্ষ্য পূরণের জন্য ইউপিজিপির রয়েছে দুটি কৌশল বা মাধ্যম:

টেক্সট বক্স ১.২: ইউপিজিপির সুনির্দিষ্ট লক্ষ্য

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) পূরণের লক্ষ্যে অংশগ্রহণমূলক স্থানীয় উন্নয়ন এগিয়ে নিতে ইউপি ও অন্য স্টেকহোল্ডারদের সক্ষমতা বাড়ানো ইউপিজিপির সার্বিক লক্ষ্য। আর এর সুনির্দিষ্ট লক্ষ্য হচ্ছে ইউনিয়ন পরিষদগুলোর গঠনগত ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও জবাবদিহি বাড়াতে নতুন কৌশল প্রণয়ন ও তার মূল্যায়ন করা। এর আরেকটি লক্ষ্য হচ্ছে কার্যকর, দক্ষ ও জবাবদিহিমূলকভাবে দরিদ্রদের জন্য কল্যাণমুখী অবকাঠামো ও সেবা সরবরাহ করতে নাগরিকদের অংশগ্রহণ বাড়ানো। ইউপিজিপির লক্ষ্য তিনটি মূল অর্জন। এগুলো হচ্ছে:

১. ইউনিয়ন পরিষদের শক্তিশালী গণতান্ত্রিক গভর্ন্যান্স। নাগরিকদের অংশগ্রহণ, বর্ধিত জবাবদিহি ও স্বচ্ছতার মাধ্যমে তা অর্জিত হবে।
২. ইউনিয়ন পরিষদের দরিদ্রমুখী ও এমডিজিমুখী পরিকল্পনা এবং সেবা সরবরাহ কার্যক্রমের অর্থায়নে নতুনত্বের প্রবর্তন।
৩. কার্যকর নীতি পর্যালোচনা, নজরদারি ও শিক্ষা গ্রহণের জন্য জাতীয় সক্ষমতা জোরদার করা এবং স্থানীয় পর্যায়ে গভর্ন্যান্সের মানোন্নয়নের জন্য স্থানীয় সরকার পতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধি।

১. ইউপির গুরুত্বপূর্ণ কার্যক্রমের ক্ষেত্রে পারফরম্যান্স বৃদ্ধির জন্য একগুচ্ছ সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম। এর মধ্যে আছে নতুন নতুন পাইলট প্রকল্প। এগুলো থেকে অনেক কিছু শেখা যাবে।

২. পারফরম্যান্স বরাদ্দ। এতে বরাদ্দের কৌশল তুলে ধরা হয়েছে। এটি বার্ষিক পারফরম্যান্স মূল্যায়নে সহায়তা করে।

১.৩ এলজিএসপি-২এর সঙ্গে সংযোগ

এলজিএসপি-২ হচ্ছে এমন একটি প্ল্যাটফর্ম, যা দেশের সব ইউপিকে সহায়তা দেয়। অন্যদিকে ইউপিজিপি হচ্ছে একটি প্রকল্প। যা ইউপি আইনে উল্লিখিত ব্যবস্থাগুলো কিছু নির্বাচিত ইউপিতে পরীক্ষামূলকভাবে বাস্তবায়ন করে। এ জন্য কাজে লাগানো হয় কিছু নতুন কৌশল। এ কৌশলের চালিকাশক্তি হচ্ছে পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ।


ইউপিজিপি দেশের ৭টি জেলায় ৫৬৪ টি ইউপিকে সহায়তা করে। দেশের অন্য সব ইউপির পাশাপাশি এ ইউপিগুলোও এলজিএসপি-২-এর অন্তর্ভুক্ত কিছু সূচকের ভিত্তিতে সরকারের বেসিক থোক বরাদ্দ ও পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ পাবে। ২৯টি অতিরিক্ত সূচকসহ ইউপির সার্বিক পারফরম্যান্সের ভিত্তিতে ইউপিজিপিতে রয়েছে একটি বাড়তি সম্প্রসারিত পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ।

এভাবে দেশের ইউনিয়ন পরিষদগুলো পারফরম্যান্স-সংক্রান্ত ১২টি মৌলিক সূচকের ভিত্তিতে সরকার/এলজিএসপি ২ থেকে কিছু পারফরম্যান্স ভিত্তিক বরাদ্দ (পিবিজি) পেয়ে থাকে। ইউপিজিপি ৭টি জেলার ৫৬৪টি ইউপিকে সমন্বিতভাবে ১২টি মৌলিক ও ২৯টি অতিরিক্ত সূচকের ভিত্তিতে তাদের পারফরম্যান্সের বিবেচনায় বাড়তি আর্থিক সহায়তা দিয়ে থাকে। পিবিজি ও ইপিবিজি দুটোই ২০১২/১৩ অর্থবছরে শুরু হয়েছে।

বেসিক থোক বরাদ্দ (বিবিজি) ও পারফরম্যান্সভিত্তিক বরাদ্দের মধ্যে আসল পার্থক্য হচ্ছে, এগুলো দুইভাবে বরাদ্দ দেওয়া হয়। তবে ইউপিগুলোতে ওই বরাদ্দ ব্যয় করার পদ্ধতি একইরকম। পারফরম্যান্স বরাদ্দের আওতায় পাওয়া তহবিলের পরিকল্পনা ও হিসাব বেসিক থোক বরাদ্দের তহবিলের পরিকল্পনা ও হিসাব দুটোই একরকম। বিবিজি, পিবিজি ও ইউপিজিপি পারফরম্যান্স বরাদ্দ (ইপিবিজি) মিলেই গঠিত হয় ইউপিগুলোর জন্য স্বতন্ত্র উন্নয়ন বরাদ্দ।

আশা করা হচ্ছে, ইউপিজিপির পারফরম্যান্স বরাদ্দ ব্যবস্থা র (সূচকগুলোসহ) সংস্কার ও অভিজ্ঞতা থেকে অর্জিত শিক্ষাগুলো এলজিএসপি-২-এর মধ্যে যোগ করা হবে।

চিত্র ১.১ ইউপিজিপি, এর অংশগুলো ও এলজিএসপি-২-এর মধ্যে সম্পর্ক



দ্রষ্টব্য: বিবিজি, পিবিজি ও ইপিবিজি এ তিনটি তহবিলব্যবস্থা মিলেই ইউপি স্বতন্ত্র উন্নয়ন বরাদ্দ। ইউপি, এলজিএসপি-২ ও ইউপিজিপি অপারেশনাল ম্যানুয়েল অনুযায়ী এগুলোকে একইভাবে দেখা হয়।

১.৪ উদ্ভাবনের চিহ্নিত ক্ষেত্রসমূহ

ইউপিজিপি দুটো পরস্পরযুক্ত কৌশলের (পারফরম্যান্স বরাদ্দ ও সক্ষমতা তৈরি) মাধ্যমে সুশাসনের যে প্রধান ক্ষেত্রগুলোতে কাজ করে সেগুলো নিচে উল্লেখ করা হলো:

১. গণতান্ত্রিক স্থানীয় গভর্ন্যান্স: এর লক্ষ্য হচ্ছে, ইউপি আইনে যেসব কাঠামো বা পদ্ধতি প্রতিষ্ঠার কথা বলা হয়েছে সেগুলো স্থাপন ও তা কার্যকর করা নিশ্চিত করা। যেমন স্থায়ী কমিটি ও ওয়ার্ড সভার মতো কাঠামো। সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি শুধু চেয়ারপারসনের মধ্যে সীমাবদ্ধ না থেকে তা যাতে খোলামেলা ও অংশগ্রহণমূলক হয়, সে লক্ষ্যে পদক্ষেপ গ্রহণও নিশ্চিত করতে হয়। এজন্য ইউপি চেয়ারপারসন, সদস্যবৃন্দ এবং স্থানীয় সাধারণ মানুষকেও তাদের অধিকার ও দায়িত্ব এবং ভূমিকা ও সম্ভাব্য কাজ সম্পর্কে জানতে হবে। এ ছাড়া স্থানীয় যেসব সাধারণ মানুষ ইউপির কার্যক্রমে অংশ নিতে ইচ্ছুক, তাদেরকে এজন্য সক্ষমতা ও ক্ষমতা দিতে হবে। সমাজের পিছিয়ে পড়া অংশ এবং বঞ্চিতরা যেন ভূমিকা রাখার সুযোগ পায়, সে জন্যও সুনির্দিষ্ট পদক্ষেপ নিতে হবে।

২. অংশগ্রহণমূলক পরিকল্পনা ও বাজেট: ইউপির জন্য দরিদ্রবান্ধব ও সেবা সরবরাহমুখী (শুধু অবকাঠামো নয়) বিনিয়োগ পরিকল্পনার ব্যবস্থা রাখা হয়েছে। ওপরের পরিকল্পনা মতো প্রস্তুত করা হলে এটিও সহস্রাব্দ লক্ষ্যমাত্রা পূরণে সহায়তা করবে।

এত দিন পর্যন্ত ইউপির পরিকল্পনা কার্যক্রম বলতে অনেক ক্ষেত্রেই বোঝাতো প্রকল্প চিহ্নিতকরণ ও বাছাইকে। অনেক ক্ষেত্রে যা হয় ওয়ার্ড পর্যায়ে। সাধারণত ইউপির পাওয়া তহবিল নিয়ে ইউপি পর্যায়ে পরিকল্পনা হয় না। তা হয় নয়টি ওয়ার্ডে (অনেক সময়) সমানভাবে ভাগ করে। ওয়ার্ড পর্যায়ের প্রকল্পের ভিত্তিতে। এর সমস্যা হচ্ছে বড় ইউপি পর্যায়ের প্রকল্পগুলো (আন্তঃওয়ার্ড পর্যায়ের) বিবেচিত হয় না। ওয়ার্ডগুলোর মধ্যে সমতার নীতিও অনুসৃত হয় না। অথচ কোনো কোনো ওয়ার্ড বেশি অভাবী। তারা বেশি সহায়তা পাওয়ার যোগ্য হতে পারে। প্রত্যেক বাজেট পরিকল্পনা ও প্রকল্পের ক্ষেত্রে একই পদ্ধতি নিলে তা এলোমেলোভাবে হয়। এ কারণে তাতে দক্ষতারও অভাব হয়, আবার কার্যকরও হয় না।

ইউনিয়ন পরিষদ আইনের বলে গঠিত স্থায়ী কমিটি ইউপি পর্যায়ের পরিকল্পনা চালু করার সুযোগ সৃষ্টি করেছে। পাঁচ বছরের একটি রোলিং পরিকল্পনা ও একটি বার্ষিক পরিকল্পনার কথাও বলা হয়েছে। ইউপি পর্যায়ের পরিকল্পনা কার্যক্রমে স্থায়ী কমিটিগুলো খাতওয়ারি পরিকল্পনা তৈরি করতে পারে। ওয়ার্ড সভা একটি পরামর্শ মঞ্চ ও বাস্তবায়নের মাধ্যম হিসেবে কাজ করে। পরিকল্পনার দায়িত্বপ্রাপ্ত স্থায়ী কমিটি ইউপির জন্য একটি সুসংহত পরিকল্পনা তৈরি করবে। আর ইউনিয়ন পরিষদ আলোচনা করে চূড়ান্তভাবে পরিকল্পনা অনুমোদন করবে। ইউপির পরিকল্পনাটি তৈরি ও স্বচ্ছতার সঙ্গে প্রকাশ করার পর তা শুধু বিবিজি, পিবিজি বা ইপিবিজির মতো স্বৈচ্ছাধীন বরাদ্দের আওতাধীন কার্যক্রম বা বিনিয়োগকেই এগিয়ে নিতে সাহায্য করবে না, কাজের বিনিময়ে খাদ্যের মতো অস্থায়ী কর্মসূচিতে বরাদ্দকৃত সম্পদ ব্যবস্থাপনায়ও সাহায্য করবে। ওই পরিকল্পনায় থাকতে পারে একটি 'দারিদ্র্য ম্যাপ' অথবা দরিদ্র নয়, দরিদ্র ও খুব দরিদ্র- এ তিন শ্রেণীতে স্থানীয় খানাগুলোর তালিকা। এ পরিকল্পনার বলে ইউপিগুলো তাদের জন্য সম্পদ বরাদ্দের বিষয়টি আরও ভালোভাবে পরিচালনার কৌশল বাতলে দিতে পারবে।

এ ছাড়া স্থায়ী কমিটিগুলো ইউপিগুলোকে কেন্দ্রীয় সরকার ও স্থানীয় সরকারের দেওয়া সেবার মধ্যে সমন্বয় করতে সহায়তা করবে। এটি পরিকল্পনা প্রক্রিয়ায় স্থানীয় এনজিও ও সিবিওগুলোকে আরও পদ্ধতিগতভাবে যুক্ত হতে সহায়তা করবে। এতে পরিকল্পনা হবে আরও বেশি সমন্বিত।

৩. ইউপি আর্থিক ব্যবস্থাপনা: ইউপির মাধ্যমে ব্যয়িত আর্থিক সম্পদের পরিমাণ এখনো উপজেলা অথবা সংশ্লিষ্ট মন্ত্রণালয় মারফত ইউপি পর্যায়ে বিতরণ করা সামাজিক নিরাপত্তা অর্থের তুলনায় কম। তার পরও এ অর্থ যেন সঠিকভাবে ব্যয় হয় তা নিশ্চিত করাটা জরুরি। ইউপি যদি তাদের আওতায় থাকা সীমিত অর্থের ভালো ব্যবস্থাপনা করতে পারে, তাহলে তারা আগামীতে আরও বেশি অর্থসম্পদ পাওয়ার দাবি করতে পারবে।

ইউপির কর্মীসংখ্যা সীমিত। এখানে একজন মাত্র সচিব আছেন। অদূর ভবিষ্যতে যোগ হবেন একজন কম্পিউটার অপারেটর কাম হিসাবরক্ষক। এ কারণে ইউনিয়ন পরিষদে খুব উন্নত মানের আর্থিক ব্যবস্থাপনা চালু করা কঠিন। ইউপি পর্যায়ে লেনদেনও এখনো বেশ সীমিত। তবে যেহেতু কালক্রমে ইউপির আর্থিক লেনদেন বাড়ার সম্ভাবনা রয়েছে, সেহেতু তাদেরকে আর্থিক ব্যবস্থাপনা ও হিসাবরক্ষণের কিছু মৌলিক বিষয় মেনে চলতে হবে। এর মধ্যে রয়েছে সময়মত হিসাবরক্ষণ, সংশ্লিষ্ট কাগজপত্র সংরক্ষণ, মাসিক ব্যাংক লেনদেন মেলানো, আয়-ব্যয় বাজেট পর্যালোচনার সুবিধার্থে লেজার খাতা রাখা ইত্যাদি। ইউপি জিপি এসব মৌলিক শর্ত মেনে চলায় উৎসাহ দেবে। একই সঙ্গে ৭টি নির্ধারিত জেলায় সক্ষমতা বৃদ্ধির কাজেও সহায়তা দেবে। এ ছাড়া প্রকল্পটি এলজিডি, জেলা, উপজেলা ও ইউপিগুলোকে ইউপির আর্থিক ব্যবস্থাপনার দক্ষতা বাড়াতে সাহায্য করবে। এ জন্য হিসাবরক্ষণের প্রমিত চার্ট, অভিন্ন ধরনের লেজার ও বাজেট তৈরির পদ্ধতি চালু ও তা মেনে চলার ব্যবস্থা করা হবে।

৪. রাজস্ব আহরণ: ইউনিয়ন পরিষদগুলো (ইউপি) বর্তমানে উপজেলার সঙ্গে ভাগাভাগিসহ বিভিন্ন উৎস থেকে রাজস্ব আহরণ করে থাকে। যদিও বিভিন্ন ইউপির রাজস্ব আহরণের সামর্থ্য বিভিন্ন রকম, তার পরও নিজস্ব উৎস থেকে আহরিত রাজস্বের (ওএসআর) প্রকৃত পরিমাণ সাধারণত খুব অল্প হয়ে থাকে। অনেক ইউপির ক্ষেত্রেই এই রাজস্ব স্বতন্ত্র বরাদ্দের মাধ্যমে পাওয়া তহবিলের একটি ক্ষুদ্র অংশ মাত্র। ওএসআরের পরিমাণ এত কম হওয়ার একটি কারণ হচ্ছে ইউপি/স্থানীয় পর্যায়ে রাজস্ব আহরণের উৎস সীমিত। তবে রাজস্ব আহরণ বাড়াতে নির্বাচিত জনপ্রতিনিধিদের অঙ্গীকারের অভাবও এ জন্য দায়ী।

মালিকানা ও অংশীদারিত্বের চেতনা থেকে ইউপিগুলোর জন্য ওএসআর আহরণের হার বাড়ানোর জন্য চেষ্টা করে যাওয়াটা জরুরি। পারফরম্যান্স সূচকের মাধ্যমে ইউপি জিপি ওএসআর আহরণে উৎসাহ দেবে। আর এ ক্ষেত্রে হোল্ডিং ট্যাক্স অন্যতম গুরুত্বপূর্ণ ও দৃশ্যমান উৎস। ইউপি জিপি হোল্ডিং ট্যাক্স আহরণ পদ্ধতির উন্নয়নেও সহায়তা করবে।

৫. ইউপি কার্যক্রম ও বাজেট বাস্তবায়ন: ইউপি আইন ২০০৯ অনুযায়ী, ইউপিকে অনেক ধরনের দায়িত্ব দেওয়া হয়েছে। এর মধ্যে কিছু বাধ্যতামূলক এবং বাকিগুলো ঐচ্ছিক। বর্তমানে ইউপিগুলোর সব বাধ্যতামূলক দায়িত্ব পালনের মতো সম্পদ বা লোকবল কোনোটাই নেই। আশা করা হচ্ছে, ইউপিগুলো কালক্রমে নিজেদের কার্যক্রম জোরদারের মাধ্যমে অর্পিত সব কাজ করতে সক্ষম হবে এবং তাদের এ খাত থেকে প্রয়োজন অনুযায়ী লোকবল দেওয়া হবে। এ ছাড়া আগেই বলা হয়েছে, স্থায়ী কমিটির কার্যক্রমও এই খাতের কর্মীদের ইউপির বিভিন্ন কর্মকাণ্ডে ধীরে ধীরে সম্পৃক্ত করতে সহায়তা করতে পারে।

ইউপিগুলোকে সংশ্লিষ্ট আইনে নির্দেশিত সব কার্যক্রমে সম্পৃক্ত হতে হবে। পাশাপাশি কৌশল বা পরিকল্পনাগুলোকে অর্থপূর্ণ ও কার্যকর করতে ইউপিকেই পরিকল্পনা অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। আর তাই ইউপি জিপি পারফরম্যান্স সূচক ও বিশেষ সহায়তা কর্মকাণ্ডের মাধ্যমে বাজেট বাস্তবায়নের বিষয়ে মনোযোগ দেবে। এর মধ্যে থাকবে সম্পদ বরাদ্দের নির্দেশনা দেওয়ার ক্ষেত্রে পরিকল্পনা করা ও তা কী পরিমাণ বাস্তবায়িত হয়েছে তার মূল্যায়ন করা। কাজের বিনিময়ে খাদ্যের মতো অন্য কর্মসূচিও এর মধ্যে থাকবে। চলতি অর্থবছরের পরিকল্পনা ও তার বাস্তবায়নের নিয়মিত পর্যালোচনা পরবর্তী বছরের পরিকল্পনা প্রক্রিয়ার একটি প্রাথমিক ধাপ হতে পারে।

৬. স্বচ্ছতা ও জবাবদিহিতা: স্থানীয় মানুষের ইউপির কার্যক্রমে সংশ্লিষ্ট হওয়া, পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় যুক্ত হওয়া ও নজরদারিতে অংশ নেওয়ার সুযোগ পাওয়ার জন্য সবাইকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা খুব গুরুত্বপূর্ণ। এগুলো সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করার উপায়। ইউপির বিভিন্ন কার্যক্রম ও সভা স্বচ্ছতার সঙ্গে পরিচালনা করা উচিত। ইউপির তথ্য প্রকাশ কার্যক্রমের ওপর এটি প্রভাব ফেলে। যেমন, ইউনিয়ন পরিষদের বাজেট সভার তারিখ নির্ধারিত দিনের বেশ আগে থেকে সবাইকে জানানো হয়। এমন স্থান ও সময়ে তা আয়োজন করা হয় যেন সাধারণ মানুষ সহজে তাতে অংশগ্রহণ করতে পারে। এ ছাড়া আগ্রহীরা যেন পরিকল্পনা ও বাজেটের পাশাপাশি অগ্রগতি প্রতিবেদন, বিভিন্ন স্কিমের উপকারভোগীদের তালিকা, অডিট প্রতিবেদন ইত্যাদি চাইলে পেতে পারে। এর মধ্যে কিছু কিছু তথ্য ইউপির নোটিশ বোর্ডে স্টেটে দেওয়া যায়। অন্যান্য তথ্য ইউপি তথ্যকেন্দ্রে রাখা যায়। সেখানে সর্বসাধারণের জন্য ওপরের গুরুত্বপূর্ণ কাগজপত্রগুলোর অনুলিপিও রাখা যেতে পারে।

বার্ষিক 'উন্মুক্ত বাজেট সভায়' শুধু যে পরিকল্পনা ও বাজেট উপস্থাপন করা হবে তা-ই নয়, এই সভাতেও মানুষের সুযোগ থাকবে পরামর্শ দেওয়ার। তার ভিত্তিতেই চূড়ান্ত বাজেট প্রণয়ন করতে হবে। এ কার্যক্রমও হবে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার একটি গুরুত্বপূর্ণ উপায়।

এর পাশাপাশি ইউপিজিপির প্রস্তাবের মধ্যে রয়েছে ইউপির কর্মকাণ্ড সম্পর্কে মানুষকে অবহিত করতে সভা আয়োজন করা। সেখানে স্থানীয় রা বিভিন্ন বিষয়ে চেয়ারম্যান, সদস্য ও সচিবের কাছে সরাসরি প্রশ্ন করতে পারবেন। ইউপিজিপি তথ্য অধিকার আইন বাস্তবায়নে সহায়তা দেবে। এ ছাড়া কর্মকাণ্ডের সাফল্যের সূচক ও সম্পূর্ণ কার্যক্রমের মাধ্যমে ইউপির কাজের স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করায় ভূমিকা রাখবে।

১.৫ ইউপির ভৌগোলিক পরিধি:

ইউপিজিপির আওতা (নিচের সারণি ১.১) সাতটি জেলার সব ইউপিতে। যে যোগ্যতার ভিত্তিতে এসব জেলা নির্বাচিত করা হয়েছে তা হলো:

- আঞ্চলিক ভারসাম্য, যার কারণে সাত বিভাগ থেকে একটি করে জেলা নির্বাচনের সিদ্ধান্ত হয়।
- এলজিএসপি/এলআইসি কর্মসূচির কিছু ধারাবাহিকতা রক্ষার জন্য ছয়টি এলজিএসপি/এলআইসি জেলার মধ্যে দুটিকে (বরগুনা ও সিরাজগঞ্জ) নির্বাচিত করা হয়েছে। এগুলোকে বিবেচনা করা হয়েছে 'দরিদ্র' জেলা হিসেবে।
- দরিদ্রদের প্রতি পক্ষপাত। একই সঙ্গে প্রকল্পের পাইলট দিকটি বিবেচনায় রাখা যে কারণে কিছু 'কম দরিদ্র' ও জলবায়ু পরিবর্তনের ঝুঁকিতে থাকা জেলাকেও নির্বাচিত করা হয়েছে। পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ কীভাবে কার্যকরভাবে কাজে লাগানো যায়, তা বিশ্লেষণ করার সুবিধার্থে এটি করা হয়েছে।

এই প্রকল্পের মাধ্যমে সাতটি জেলার ৫৬৪টি ইউপির সব কটিকেই সক্ষমতা সৃষ্টিতে সহায়তা দেওয়া হচ্ছে। পারফরম্যান্সভিত্তিক বরাদ্দের প্রক্রিয়াটি এমনভাবে সাজানো হয়েছে যেন একটি নির্দিষ্ট বার্ষিক মূল্যায়নের ভিত্তিতে সবচেয়ে সফল ৭০% ইউপি (যার সংখ্যা ৪০০টির মতো) পরবর্তী বছরের জন্য সমপ্রসারিত পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ পায়।

সারণি ১.১ ইউপিজিপির টার্গেট জেলাগুলো। উপজেলা ও ইউপির সংখ্যাসহ

ক্রমিক	জেলা	বিভাগ	উপজেলা	ইউপি
১.	বরগুনা	বরিশাল	৬	৪২
২.	ব্রাহ্মণবাড়িয়া	চট্টগ্রাম	৯	১০০
৩.	কিশোরগঞ্জ	ঢাকা	১৩	১০৮

ক্রমিক	জেলা	বিভাগ	উপজেলা	ইউপি
৪.	খুলনা	খুলনা	৯	৬৮
৫.	সিরাজগঞ্জ	রাজশাহী	৯	৮৩
৬.	রংপুর	রংপুর	৮	৭৬
৭.	সুনামগঞ্জ	সিলেট	১১	৮৭
		মোট	৬৫	৫৬৪

১.৫ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা

পাঁচ অর্থবছর মেয়াদি এই প্রকল্প ২০১১-১২ অর্থবছরে শুরু হয়ে চলবে ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত। প্রথম বছর হলো শুরুর বছর। এই সময়ে ইউপির বেসলাইন মূল্যায়ন, সক্ষমতা তৈরির কৌশল এবং প্রথম বার্ষিক পারফরম্যান্স মূল্যায়নের ওপর কাজ হবে। সক্ষমতার উন্নয়নে সহযোগিতা ইউপিজি প্রকল্পের পুরো সময় ধরেই অব্যাহত থাকবে। তবে সমপ্রসারিত পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ (ইপিবিজি) দেওয়া হবে চার বছর ধরে, যা শুরু হবে ২০১২-১৩ অর্থবছরে। এই প্রকল্পের মোট বাজেটের পরিমাণ ১৮ দশমিক ৪ মিলিয়ন মার্কিন ডলার। এ অর্থ বিভিন্ন ধরনের সক্ষমতা তৈরির কার্যক্রমে ব্যবহৃত হবে। এর মধ্যে রয়েছে বার্ষিক ১ দশমিক ৭২ মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দের ব্যবস্থা। পুরো মেয়াদের জন্য দাঁড়াবে ৬ দশমিক ৮৮ মিলিয়ন ডলার।

ইউপিজিপির প্রাতিষ্ঠানিক বা সাংগঠনিক কাঠামো অনেকাংশেই এলজিএসপি/এলআইসির সঙ্গে সাদৃশ্যপূর্ণ। এই প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে স্থানীয় সরকার বিভাগের অধীনে। একজন জাতীয় কর্মসূচি পরিচালক (এনপিডি) এতে নেতৃত্ব দিচ্ছেন। তিনি এলজিএসপি-২-এরও জাতীয় কর্মসূচি পরিচালক, কারণ দুটি প্রকল্পই নিবিড়ভাবে পরস্পর সম্পর্কিত। প্রকল্পের কার্যক্রম পরিচালনায় একজন প্রকল্প ব্যবস্থা পক এনপিডিকে সহযোগিতা করেন।

প্রকল্প ব্যবস্থা পক এনপিডির কাছে জবাবদিহি করবেন এবং তিনি প্রকল্প পর্যদের কাছে প্রতিবেদন উপস্থাপন করবেন। প্রকল্প পর্যদের সভাপতি হিসেবে থাকবেন এনপিডি, তার সঙ্গে ইউপি অ্যাসোসিয়েশনের দুজন, এলজিডি (দুজন প্রতিনিধি), ইউএনডিপি এবং ইউএনসিডিএফ (একজন করে প্রতিনিধি), উপকারভোগী ইউপির দুজন প্রতিনিধি, একজন উপজেলা প্রতিনিধি এবং একটি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের একজন প্রতিনিধি। এর বাইরে এই প্রকল্পে একটি স্ট্রয়ারিং কমিটি থাকবে, যার সভাপতি হবেন এলজিডির সচিব। সংশ্লিষ্ট সব মন্ত্রণালয় থেকে রাখা হবে সদস্য। স্ট্রয়ারিং কমিটি বৃহত্তর আকারে নীতিগত নির্দেশনা দেয় এবং প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট সরকারি কার্যক্রমের মধ্যে প্রয়োজনীয় সমন্বয় নিশ্চিত করে। অন্যদিকে প্রকল্প পর্যদ প্রকল্পের পরিচালনাগত বিষয়গুলো নিয়ে কাজ করে, যার মধ্যে বার্ষিক পরিকল্পনা ও অগ্রগতি প্রতিবেদনের মতো অন্য কিছু বিষয় সম্পৃক্ত।

জাতীয় পর্যায়ে একটি ছোট কারিগরি পরামর্শক দল কর্মসূচি বাস্তবায়ন ও তদারকের বিষয়ে এনপিডি ও প্রকল্প ব্যবস্থা পককে সহায়তা দেয়। আর জেলা পর্যায়ে সহায়ক কাঠামোগুলোর বিন্যাস এলজিএসপি/বিবিজির অনুরূপ। জেলা প্রশাসকের (ডিসি) তত্ত্বাবধানে ডেপুটি ডিরেক্টর লোকাল গভর্নমেন্ট (ডিডিএলজি) হবেন প্রধান ব্যক্তি, যিনি ইউনিয়ন পরিষদের স্বতন্ত্র বিবিজি/ইপিবিজি বরাদ্দের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার বিষয়ে সহায়তা দেবেন ও তদারক করবেন। ডিসিকে প্রধান এবং ডিডিএলজিকে সদস্যসচিব করে গঠিত জেলা সমন্বয় কমিটি (ডিসিসি) প্রতি সেমিস্টারে প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করবে। স্থানীয় সরকার বিভাগ এলজিএসপি-২ এর জন্য যে প্রাতিষ্ঠানিক ব্যবস্থাপনা অনুসরণ করেছে, ইউপিজিপি সক্ষমতা উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনা ও ইউপিতে গ্র্যান্ট বরাদ্দের ক্ষেত্রে তা ব্যবহার করছে। এলজিএসপি-২-এর আওতায় কিছু মৌলিক সহায়তা দেওয়া হচ্ছে। এর বাইরেও ইউপিজিপির অধীনে সক্ষমতা তৈরির কার্যক্রম নেওয়া হবে। এতে বাড়তি কারিগরি ও প্রাতিষ্ঠানিক সহযোগিতা দেওয়া হবে। গ্র্যান্ট বরাদ্দের ক্ষেত্রে একই ব্যবস্থাপনা ও কৌশল অনুসরণ

করা হবে কারণ, সমপ্রসারিত পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ (ইপিবিজি) হচ্ছে এলজিএসপি-২-এর আওতাধীন বিবিজি ও পিবিজির সঙ্গেই অতিরিক্ত সংযোজন। থোক বরাদ্দ সমন্বয় কমিটি, ওয়ার্ড কমিটি ও ইউপি ফ্যাসিলিটেশন দলের ক্ষেত্রেও একই ব্যবস্থাপনা বিন্যাস প্রযোজ্য হবে।

২. ইউনিয়ন পরিষদের উন্নততর গভর্ন্যান্সের জন্য সক্ষমতা গড়ে তোলা

২.১ উদ্দেশ্য ও যৌক্তিক ভিত্তি

ইউনিয়ন পরিষদের ক্ষমতা ও কার্যাবলির বিষয়টি ইউনিয়ন পরিষদ আইন, ২০০৯-এ বর্ণনা করা হয়েছে। প্রয়োজনীয় সক্ষমতার উন্নয়নের মাধ্যমে ইউনিয়ন পরিষদগুলোতে ইউপি আইনের পূর্ণ বাস্তবায়ন ইউপিজিপির অন্যতম অগ্রাধিকারমূলক লক্ষ্য। এ ক্ষেত্রে নিম্নোক্ত কাঠামো ও কার্যাবলির ওপর বিশেষ জোর দেওয়া হয়েছে।

- ইউপি সভা
- স্ট্যান্ডিং কমিটি
- ওয়ার্ড সভা
- নারী উন্নয়ন ফোরাম
- পরিকল্পনা ও বাজেট
- আর্থিক ব্যবস্থাপনা
- রাজস্ব সংগ্রহ
- স্বচ্ছতা ও তথ্য প্রকাশ

ইউপিতে পারফরম্যান্স বরাদ্দ দেওয়ার মূল লক্ষ্য হল সংশ্লিষ্ট ইউপির পারফরম্যান্স উন্নয়নে উৎসাহ জোগানো। পরবর্তী সেকশনে পারফরম্যান্স বরাদ্দের পদ্ধতির বিস্তারিত বর্ণনা থাকবে। ইউনিয়ন পরিষদ ম্যানুয়েলে এ-সংক্রান্ত কার্যাবলি ও প্রক্রিয়া বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। এ সেকশনে ইউপিজিপির সহায়তায় পরিচালিত হবে এমন কয়েকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের বর্ণনা করা হয়েছে। এগুলো ওপরের আটটি ক্ষেত্রের সঙ্গে সম্পর্কিত।

২.২ ইউনিয়ন পরিষদ পর্যায়ে বাধ্যতামূলক কার্যক্রম ও সভা

ইউপি আইন, ২০০৯-এ বাধ্যতামূলক কার্যক্রমের বিষয়ে স্পষ্ট নির্দেশনা রয়েছে। এর মধ্যকার কয়েকটি গুরুত্বপূর্ণ কাজ ইউপিজিপির আওতায় বাস-বায়নের জন্য বেছে নেওয়া হয়েছে। এগুলো নিচে তুলে ধরা হলো:

ক. ইউপি আইনের সঙ্গে সম্পর্কিত বিধিমালা বাস্তবায়ন করা: বিধিমালার ভিত্তিতেই ইউপি আইনে উল্লিখিত কার্যক্রম চালু করা হবে। ইউপিজিপি এ সংক্রান্ত বিধিমালাসমূহ চূড়ান্ত ও অনুমোদন করাতে এলজিডিকে প্রয়োজনীয় তথ্য ও কৌশলপত্র দিয়ে সহযোগিতা করবে। এটা একটা নীতিগত পর্যায়ের সহযোগিতা কার্যক্রম। ইউপিজিপি এলজিডির সঙ্গে ঘনিষ্ঠ সহযোগিতার মাধ্যমে তা বাস্তবায়ন করবে।

খ. ইউনিয়ন পরিষদের বাধ্যতামূলক সভা: ইউনিয়ন পরিষদের সদস্যদের সাধারণ সভাই ইউপির নীতি নির্ধারণী পর্ষদ। এই সভা আহ্বান ও পরিচালনার পদ্ধতিগুলো ইউনিয়ন পরিষদ ম্যানুয়েলে (সেকশন ২.৪.১) সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়েছে। ইউপিজিপি বাধ্যতামূলক সভার প্রস্তুতি গ্রহণ ও তা অনুষ্ঠানের জন্য ইউপিকে সহায়তা করতে চেকলিস্ট ও সহজ নির্দেশনা তৈরি করে দেবে। এ ছাড়া যেখানে প্রয়োজন সেখানে জেলা ফ্যাসিলিটেশনের মাধ্যমে ইউনিয়ন পরিষদকে সহায়তা করবে।

গ. পাঁচ বছর মেয়াদি বা বার্ষিক স্কিম শনাক্ত করা: জাতীয় উন্নয়ন পরিকল্পনার আওতায় গৃহীত কার্যক্রমের সম্পূরক হতে পারে এমন নানাবিধ প্রয়োজন ও স্কিম শনাক্তের ক্ষমতা আছে ইউনিয়ন পরিষদের। ইউপি ম্যানুয়েলে (৪.১.১) এর পরিধি ও কার্যপদ্ধতি নিয়ে আলোচনা করা হয়েছে। এসব ক্ষেত্রে সহায়তার জন্য ইউপিজিপি চেকলিস্ট ও সহজ নির্দেশনা দেবে।

ঘ. ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয় বিভিন্ন সেবা: ইউপি আইনের ৪৭ নং সেকশন এবং ইউপি ম্যানুয়েলের ২.৪.৫ নং সেকশনে ইউনিয়ন পরিষদের কার্যাবলি উল্লেখ করা হয়েছে। ইউপি আইনের দ্বিতীয় তফসিলে এর কার্যাবলির বিশদ বর্ণনা রয়েছে। দ্বিতীয় তফসিলের একটি বৃহৎ অংশজুড়েই রয়েছে ইউনিয়ন পরিষদের প্রদেয় সেবার বিবরণ। মোটা দাগে এগুলোকে বলা হয়েছে জনকল্যাণমূলক সেবা। এ বিষয়ে ইউপিজিপি ইউনিয়ন পরিষদ ও স্থায়ী কমিটিকে তাদের কার্যক্রমের মূল্যায়নে সহায়তা করতে সহজ নির্দেশনা দেবে। পাশাপাশি ইউপির উন্নয়ন পরিকল্পনা, বার্ষিক পরিকল্পনা গ্রহণ এবং বাজেট প্রণয়নে ওই সব বিষয়ে নজর দেওয়ার জন্য সচেতনতা তৈরিতেও কাজ করবে ইউপিজিপি।

ঙ. ওয়ার্ড সভা: ওয়ার্ড সভা ইউনিয়ন পরিষদের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রক্রিয়া যা স্থানীয় মানুষকে সম্পৃক্ত করে। ইউপি ম্যানুয়েলের অনুচ্ছেদ ২.৩-এ ওয়ার্ড সভার প্রক্রিয়া ও কার্যাবলির ব্যাপারে বিশদ নির্দেশনা রয়েছে। ইউপিজিপি ওয়ার্ড সভার সঙ্গে সংশ্লিষ্ট বাধ্যতামূলক কাজগুলোর বিষয়ে ইউনিয়ন পরিষদের সদস্যদের চেকলিস্ট ও সহজ নির্দেশনা দিয়ে সহায়তা করবে। ওই সব কাজের মধ্যে রয়েছে ওয়ার্ড সভা গঠন, নির্ধারিত সভা আহ্বান এবং দরিদ্রবান্ধব পরিকল্পনা ও দ্বন্দ্ব নিরসনের মতো বিষয়ে নজর দেওয়া। নির্বাচিত ইউপি সদস্যদের জন্য কর্মশালা আয়োজন এবং ব্যাপক প্রচারণার মাধ্যমে ওয়ার্ড সভার কার্যক্রম বিষয়ে সক্ষমতাও বাড়াতে হবে।

চ. স্থায়ী কমিটিকে শক্তিশালী করা: স্থায়ী কমিটি হচ্ছে এমন ব্যবস্থা যার মাধ্যমে ইউপিগুলো স্থানীয় সরকারের হাতে ছেড়ে দেওয়া ১৩টি মূল দায়িত্ব পালনে সচেষ্ট হয়। ইউপি ম্যানুয়েলের ২.৪.৩ নং সেকশনে স্থায়ী কমিটি গঠন ও তাদের নিয়মিত কাজের পদ্ধতির বর্ণনা করা হয়েছে। ইউপিজিপি বিভিন্ন বাধ্যতামূলক কাজ, নির্ধারিত সভা পরিচালনা ও অন্যান্য কাজের বিষয়ে স্থায়ী কমিটিকে চেকলিস্ট ও সহজ নির্দেশনা দিয়ে সহায়তা করবে। কাজের পরিধি ও পদ্ধতির ক্ষেত্রে নির্বাচিত কিছু স্থায়ী কমিটির সভাপতির সক্ষমতাও বাড়ানো হবে। এটি বাধ্যতামূলক কাজগুলো করতে কার্যকরভাবে ব্যবহার করা যাবে।

ছ. নারী উন্নয়ন ফোরামকে জোরদার করা: উপজেলা পর্যায়ে নারী উন্নয়ন ফোরাম ইউপির নারী সদস্যদের জন্য এমন একটি প্ল্যাটফর্ম যা বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়নে তাদের দক্ষতা বাড়াতে সহায়তা করে। এসব কাজের মধ্যে রয়েছে ওয়ার্ড সভা ও স্থায়ী কমিটিতে কার্যকর অংশগ্রহণ, স্বাস্থ্য, শিক্ষা ও এ ধরনের সেবা কার্যক্রম পরিকল্পনায় নারীদের অগ্রাধিকারের বিষয়টিতে জোর দেওয়া, নারীর প্রতি সহিংসতা হ্রাস এবং জেভার বাজেট মনিটরিং করা। প্রকল্পের আওতাধীন সব জেলায় নারী উন্নয়ন ফোরাম গঠনে ইউপিজিপি সহায়তা করবে। এ ছাড়া নারী উন্নয়ন ফোরাম সদস্যদের তাদের কার্যক্রম পালনের সুবিধার্থে সহজ নির্দেশনা দেওয়া হবে। এসব কাজের ব্যাপারে তাদের ধারণাও দেওয়া হবে। ইউজেডজিপির সঙ্গে এর সমন্বয় করা হবে।

জ. ইউনিয়ন পরিষদ কর্তৃক তথ্যপ্রকাশ ও স্বচ্ছতা: ইউপি আইনে নিয়মিতভাবে এবং এলাকাবাসীর অনুরোধক্রমে সময়ে সময়ে উভয়ভাবেই তথ্য প্রকাশের ব্যবস্থা রাখা হয়েছে। সেকশন ৫০(৩) ও সেকশন ৭৮-৮০ এ তা করা হয়েছে। এলজিএসপি-২-এর অপারেশন ম্যানুয়েলে বর্ণিত বিভিন্ন ব্যবস্থা র মাধ্যমে এ দিকগুলো আরও জোরদার করা হয়েছে। এতে স্কিম, ক্রয় ও বাস্তবায়নের বিষয়ে তথ্য প্রকাশের ব্যাপারে সুনির্দিষ্ট শর্ত নির্দিষ্ট করা হয়েছে (সেকশন ৫.৪.১)। ইউপিজিপি বিভিন্ন সুযোগ-সুবিধা ও দায়িত্বের বিষয়ে এলাকাবাসীর মধ্যে সচেতনতা সৃষ্টি করতে ইউনিয়ন পরিষদগুলোকে সহজ নির্দেশনা এবং সহকর্মীদের মধ্যে পারস্পরিক যোগাযোগে সহায়ক ভূমিকা পালন করবে। এ ছাড়া সম্পদের প্রাপ্যতা ও ব্যবহারের বিষয়ে সক্রিয়ভাবে তথ্য প্রকাশের লক্ষ্যে বিভিন্ন উপকরণ তৈরিতে সাহায্য করবে।

২.৩ বাধ্যতামূলক কাজ ও পারফরম্যান্স যাচাই: প্রকল্পের সাতটি জেলার সব ইউনিয়ন পরিষদে সার্বিক সেবা দেওয়া ইউপিজিপি লক্ষ্য। পারফরম্যান্স যাচাইয়ের জন্য যে জরুরি কার্যক্রম হাতে নেওয়া হচ্ছে তার ওপর বাড়তি গুরুত্ব দেওয়া হবে। ওই সব ক্ষেত্রে পারফরম্যান্স উন্নত হলে ইউপিগুলো পারফরম্যান্সভিত্তিক অনুদান ও সম্প্রসারিত পারফরম্যান্সভিত্তিক অনুদান দুটোই আরও বেশি করে পাবে। পরবর্তী সেকশনে এটি বিস্তারিতভাবে বর্ণনা করা হবে।

৩. পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ

৩.১ উদ্দেশ্য এবং যৌক্তিক ভিত্তি

ইউনিয়ন পরিষদের কর্মকাণ্ডে প্রণোদনা দেওয়ার লক্ষ্যে ইউপিজিপি কাঠামোতে পারফরম্যান্সভিত্তিক বরাদ্দের বিষয়টি সংযোজন করা হয়েছে। এর ফলে উচ্চতর পারফরম্যান্সের জন্য উচ্চতর বরাদ্দ পাওয়া যাবে। ইউপি চেয়ারপারসন, সদস্য ও সচিবরা তাদের নিজের পরিষদের জন্য বেশি সম্পদ সংগ্রহে আগ্রহী। আর পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ এ ক্ষেত্রে তাদের পারফরম্যান্স উন্নয়নে প্রভাবকের ভূমিকা পালন করবে। নির্বাচিত প্রতিনিধিদের জন্য প্রণোদনার বিষয়টি হলো, অধিক সম্পদপ্রাপ্তি রাজনৈতিকভাবে অধিকতর দৃশ্যমান হবে। এ ছাড়া ইউপি সচিবদের মধ্যে পারফরম্যান্সের ক্ষেত্রে একটি প্রতিযোগিতার বিষয় থাকে। কারণ সাধারণত কেউই এ ক্ষেত্রে খারাপ ফল করতে চায় না। কোন কোন ক্ষেত্রে অধিক মনোযোগ দিতে হবে পারফরম্যান্স সূচক তা চিহ্নিত করায় ইউনিয়নের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে সহায়তা করবে। একই সঙ্গে পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ ব্যবস্থা র কারণে পারফরম্যান্স বৃদ্ধির জন্য ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রতিনিধিদের ওপর এলাকার মানুষের চাপ বাড়বে। যদি ইউনিয়ন পরিষদের প্রাপ্ত বরাদ্দ প্রত্যাশার চেয়ে কম হয়, তাহলে স্থানীয় মানুষ ইউনিয়ন পরিষদের কাছে প্রশ্ন উত্থাপন বা ব্যাখ্যা চাইতে পারে। তবে এ জন্য আগে তাদেরকে বরাদ্দ সম্পর্কে সঠিক তথ্য পেতে হবে। এর ফলে জনগণ এবং প্রতিনিধিদের জবাবদিহি নিশ্চিত হয়।

গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে, সব মূল্যায়ন পরিমাপক এমনভাবে নির্ধারণ করা হয়েছে, যাতে একটু চেষ্টা করলেই সব ইউনিয়ন পরিষদই ভালো স্কোর করতে সক্ষম হয়। পরিমাপক বা মানদণ্ড এমনভাবে নির্ধারণ করা হয়েছে যাতে সংশ্লিষ্ট বিধিবিধান মেনে চলার বিষয়টি উৎসাহিত হয়। কাগজে-কলমে ইউপিগুলোর এসব মেনে চলার কথা থাকলেও বাস-বে সব সময় তা করা হয় না। এর মূল কারণ হচ্ছে বিধিবিধানগুলো যথাযথভাবে কার্যকর করার উদ্যোগ নেওয়া হয় না কিংবা এ ব্যাপারে যথেষ্ট মনোযোগ দেওয়া হয় না।

পরের এই প্রেক্ষাপট অনুযায়ী পারফরম্যান্স বরাদ্দের যৌক্তিকতা শুধু প্রতিযোগিতামূলক পরিবেশ সৃষ্টির মধ্যে সীমাবদ্ধ নয়, বরং এর উদ্দেশ্য এমন একটি পরিবেশও সৃষ্টি করা, যেখানে পারফরম্যান্স সূচক এবং এর সঙ্গে যুক্ত সুশাসনের ইস্যুগুলো আরও বেশি নিয়মিতভাবে আলোচিত হবে। সে হিসেবে পারফরম্যান্স সূচক সরকারি অর্থের সুষ্ঠু ব্যবস্থাপনাসহ সুশাসনবিষয়ক ইস্যুগুলো সম্পর্কে সচেতনতা বৃদ্ধির হাতিয়ার হিসেবে বিবেচিত।

৩.২ সূচক এবং স্কোর

পারফরম্যান্স মূল্যায়ন ব্যবস্থায়¹ অন-ভুক্ত অধিকাংশ পারফরম্যান্স সূচক ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ থেকে এসেছে। একই সঙ্গে সব সূচক সংশ্লিষ্ট প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য এবং উদ্ভাবনের মূল ক্ষেত্রগুলোর সঙ্গে সম্পর্কযুক্ত। আগের অধ্যায়ে এগুলো আলোচিত হয়েছে।

¹ ইউপিজিপি পারফরম্যান্স অ্যাসেসমেন্ট ম্যানুয়েল (পিএএম) দেখুন। পারফরম্যান্স মূল্যায়ন প্রক্রিয়া এবং কীভাবে ফল ব্যবহার করা হয় পিএএম তার একটি সাধারণ ধারণা দেয়। সারণি ৩.১ এবং এই ইউপিজিপি ওএম এর পরিশিষ্ট-১-এ মূল্যায়নকারীরা যে ছক ব্যবহার করবেন তা তুলে ধরা হয়েছে। এতে আছে ৪১টি সূচক, এগুলোর স্কোর ও যাচাইয়ের উপায়।

সূচকগুলোকে মোট ছয়টি বিস্তৃত শ্রেণীতে বিন্যাস করা হয়েছে (মোট দাগে দেখলে আগের অধ্যায়ে চিহ্নিত উদ্ভাবনের মূল ক্ষেত্রগুলোর অনুরূপ) এবং প্রতিটি শিরোনামের আওতায় কয়েকটি করে সূচক (মোট ৪১টি) সন্নিবেশিত হয়েছে। প্রতিটি সূচকের ক্ষেত্রে রয়েছে একটি সর্বোচ্চ স্কোর। মোট সর্বোচ্চ স্কোর ১০০ পয়েন্ট। সারণি ৩.১ এ এসব সূচক ও স্কোরের একটি সারসংক্ষেপ উল্লেখ করা হয়েছে।

সারণি ৩.১ : ইউপিআর পারফরম্যান্স পরিমাপের কাঠামো^২

১. ইউপিআর পারফরম্যান্স অ্যাসেসমেন্ট ম্যানুয়াল (পিএএম) দেখুন। পারফরম্যান্স মূল্যায়ন প্রক্রিয়া এবং কীভাবে ফল ব্যবহার করা হয় পিএএম তার একটি সাধারণ ধারণা দেয়। সারণি ৩.১ এবং এই ইউপিআরপি ওএম এর পরিশিষ্ট-১-এ মূল্যায়নকারীরা যে ছক ব্যবহার করবেন তা তুলে ধরা হয়েছে। এতে আছে ৪১টি সূচক, এগুলোর স্কোর ও যাচাইয়ের উপায়।

২. পারফরম্যান্স যাচাই প্রক্রিয়ার একটি বিবরণ পেতে পিএএম দেখুন। ৪১টি সূচক, এগুলোর স্কোর ও যাচাইয়ের উপায় পাওয়া যাবে পরিশিষ্ট-১-এ।

সূচকগুলোর মধ্যে ১২টি (সারণি ৩ এর ওপরের অংশে উল্লিখিত) এলজিএসপি-২-এর অধীনে জাতীয় পর্যায়ে পিআরজির জন্যও সমভাবে প্রযোজ্য হবে। তবে ইউপিআরপির অধীনে ইপিআরজির ক্ষেত্রে ৪১টি সূচকই পূর্ণভাবে প্রয়োগ করা হবে। সুতরাং ইউপিআরপি একগুচ্ছ বাড়তি পারফরম্যান্স সূচকের কী প্রভাব হয় তা পরীক্ষা করে দেখছে। পরীক্ষায় উত্তীর্ণ সূচকগুলো হয়তো আগামী কয়েক বছরে সারণির নিচের স্তর থেকে উচ্চ স্তরে উঠে যাবে।

সারণি ৩.১ থেকে দেখা যায় এলজিএসপির মধ্যে পাঁচটি বিষয় রয়েছে:

১. পরিকল্পনা এবং বাজেট
২. আর্থিক বিষয়াদি (খরচ, আর্থিক ব্যবস্থাপনা, ক্রয় এবং রিপোর্টিং)
৩. নিজস্ব উৎস থেকে রাজস্ব আহরণ
৪. পর্যবেক্ষণ, নজরদারি, স্বচ্ছতা ও জবাবদিহিতা।
৫. গণতান্ত্রিক সূশাসন ব্যবস্থা

অন্যদিকে ইউপিআরপি উল্লিখিত পাঁচটি ছাড়াও ষষ্ঠ একটি বিষয়ের ওপর আলোকপাত করে

৬. বাস-বায়ন কৃতিত্ব বা পারফরম্যান্স/ব্যয়ের লক্ষ্যমাত্রা (এমডিআর জেন)

সারণি ৩.১-এর নিচের অংশে বর্ণিত সূচকসমূহ সুনির্দিষ্টভাবে ইউপিআরপির জন্য প্রযোজ্য। এভাবে ১২টি সূচক জাতীয় পর্যায়ে প্রযোজ্য। এ ছাড়া সম্প্রসারিত অংশে রয়েছে ২৯টি সূচক, যা ৭টি ইউপিআরপি জেলার ইউপিআরসমূহের জন্য প্রযোজ্য।

^২ পারফরম্যান্স যাচাই প্রক্রিয়ার একটি বিবরণ পেতে পিএএম দেখুন। ৪১টি সূচক, এগুলোর স্কোর ও যাচাইয়ের উপায় পাওয়া যাবে পরিশিষ্ট-১-এ।

№el q	১. পরিকল্পনা ও বাজেট		২. ব্যয়, আর্থিক ব্যবস্থাপনা, ক্রয় ও প্রতিবেদন		৩. নিজস্ব উৎস থেকে রাজস্ব আহরণ		৪. তদারকি, পর্যবেক্ষণ, স্বচ্ছতা ও Revert inZv		৫. KqKUB/ e'q ubaŋi Y ev' b'iqb (GgWWRŋi Rb)		৬. গণতান্ত্রিক শাসন ব্যবস্থা		মোট সর্বোচ্চ স্কোর	
	bs	নির্দেশক	সর্বোচ্চ b'ef	bs	নির্দেশক	সর্বোচ্চ b'ef	bs	নির্দেশক	সর্বোচ্চ b'ef	bs	নির্দেশক	সর্বোচ্চ b'ef		
দেশব্যাপি ব্যবহারের জন্য নির্দেশক	1	পাঁচশালা উন্নয়ন পরিকল্পনার (অথবা তিন বছরের চলমান মূলধন বিনিয়োগ পরিকল্পনা) উপস্থিতি	4	1	স্থায়ী সম্পদের তালিকা তৈরি / cŋZiU m'eu' #PrYzKi Y	2	1	eŋi cŋZ ŋbR'~i vR'^ সংগ্রহের উন্নতি	4	1	পরিকল্পনা, বাজেট, ও নিরীক্ষা প্রতিবেদন জনসমক্ষে প্রকাশ	4	30	
	2	৩১ মে'র মধ্যে ইউএনও'র সামনে চূড়ান্ত পরিকল্পনা ও বাজেট উপস্থাপন	2	2	৩১ জুলাই এর মধ্যে ewl' R Aw' R' #eei Yr	2	2	পূর্ববর্তী অর্থবছরের বাজেটের বিপরীতে প্রকৃত Ki mslMh	2					
	3	বছরের শেষে উন্নয়ন বাজেটের তুলনায় প্রকৃত উন্নয়ন ব্যয় (বাস্তবায়নের মাত্রা)	4	3	ব্যয়কের সাথে মাসিক লেনদেন নিষ্পত্তি	2								
				4	৩১ জুলাই এর মধ্যে ক্রয়ের পরিকল্পনা তৈরি এবং ক্রয় আইনের সাথে m'igAm''	2								
মোট সর্বোচ্চ স্কোর			10			10			6			4		

BDicŋRic cŋBj U জেলার জন্য নির্দেশক	4	পরিকল্পনা তৈরির প্রক্রিয়ায় নারীদের AskMhY	3	6	হালনাগাদকৃত চিঠিপত্র রেজিস্টার	1	3	Ki ŋbaŋi Y m'giŋ	2	2	ইউপি নোটিশ বোর্ডে থোক eiv', i vR'7 e'q পর্যবেক্ষণ, পরিকল্পনার l'ci Z' c'k'ik	2	1	পূর্ববর্তী অর্থবছরের cŋi Ki br Abq'iq' বাস্তবায়িত প্রকল্পের msl'v	2	1	ইউনিয়ন পরিষদের KivDŋj KihKi	3
	5	দায়িত্বকে লক্ষ্য করে পরিকল্পনা তৈরির প্রক্রিয়া	5	7	হালনাগাদকৃত কর আদায়ের রেজিস্টার	2	4	করারোপযোগ্য খানার কর 7% ŋbaŋi Y	2	3	Z' Awakfi AvBb 2009 ev' l' emqZ	2	2	সামাজিক / এমর্ডিজি খাতে বিনিয়োগ ব্যয়ের প্রকৃত Ask	2	2	ইউনিয়ন পরিষদের সাধারণ সভায় নারী সদস্যদের m'iq AskMhY	3
	6	এমর্ডিজি খাতগুলোর সাথে পরিষ্কারভাবে সম্পর্কিত পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা (বা তিন বছরের Pj' gib ŋmAtBic)	3	8	হালনাগাদকৃত ও সংরক্ষিত আয় ও ব্যয়ের fiDPri	2	5	কর খেলাপ ব্যবস্থা ও 'ডাল করদাতাদের পুরস্কার' ব্যবস্থা	2	4	বার্ষিক কর্মকা- মূল্যায়নের (পূর্ববর্তী বছরের) ফলাফল c'k'ik/ c'p'ri	2	3	রাজ্যপায়েজ্ঞাপের জন্য বাজেটের প্রমাণ	2	3	আটটি মূল স্থায়ী কর্মটির প্রতিষ্ঠা ও প্রকৃত কার্যকর n' l' q'v	3
	7	ewl' R cŋi K'f' b'ri gib	4			6	5	কর আদায় বৃদ্ধি করার জন্য সৃজনশীল পদ্ধতি e'enri	2	5	ইউনিয়ন পরিষদ তথ্যকেন্দ্র cŋZov' l' KihKi	2	4	ইউনিয়ন পরিষদের খানা রেজিস্টার হালনাগাদ ও জনগণের কাছে সহজলভ্য	2	4	BDicŋli ewl' R cŋi K'f' b'ri স্থায়ী কর্মটির অবদান	3
						7	6	উন্নয়ন ব্যয়ে নিজস্ব রাজস্ব উৎসের Ask	2	6	পূর্ববর্তী অর্থবছরে কম গড়ে 'BŋU Dbj' m'fv	3	5	একটি ওয়ার্ডের বাইরেও সুবিধা দানকারী প্রকল্পে ব্যয়কৃত বিবিজি/ ইপিবিজি বরাদ্দের শতাংশ	2	5	l' q'W'm'f'ri KihKi Z'v	2
মোট সর্বোচ্চ স্কোর			15		5				12		14		10			14	70	
সর্বমোট সর্বোচ্চ স্কোর			25		15				18		18		10			14	100	

৩.৩ পারফরম্যান্স মূল্যায়ন বাস-বায়ন:

প্রতিবছর সেপ্টেম্বর থেকে নভেম্বরের মধ্যে আর্থিক নিরীক্ষাসহ বার্ষিক পারফরম্যান্স মূল্যায়ন (বা পারফরম্যান্স নিরীক্ষা) পরিচালনা করা হবে। এর আওতায় বিগত অর্থবছরে ইউপি'র পারফরম্যান্স মূল্যায়ন করা হবে (একই বছরের ৩০ জুন সমাপ্ত বছর)। এ লক্ষ্যে নিরীক্ষা দলকে শক্তিশালী করতে এমন একজন 'পারফরম্যান্স নিরীক্ষক' সংযুক্ত করা হবে যিনি উন্নয়ন এবং সমাজবিজ্ঞান বিষয়ে পড়াশোনা করেছেন।

ইউপি'র পারফরম্যান্স মূল্যায়ন প্রক্রিয়ার ধাপগুলো নিচে দেওয়া হলো:

১. মূল্যায়ন ঘোষণা
২. ইউনিয়ন পরিষদের আত্মমূল্যায়ন
৩. স্বতন্ত্র নিরপেক্ষ দল দিয়ে ইউপি'র আত্মমূল্যায়ন যাচাই করা এবং প্রয়োজনে তাতে রদবদল করা
৪. প্রাথমিক ফলাফল ঘোষণা, যা নিয়ে আপিল করার সুযোগ থাকবে
৫. চূড়ান্ত ফলাফল ঘোষণা এবং তা ব্যাপকভাবে প্রচার

এলজিডিতে একটি 'ইউপি পারফরম্যান্স মূল্যায়ন কমিটি' গঠন করা হবে, যা উপরোক্ত কার্যক্রমে নির্দেশনা দেওয়া ও তত্ত্বাবধানের কাজ করবে। এই কমিটির সভাপতিত্ব করবেন এনপিডি। সদস্য হিসেবে থাকবে যুগ্মসচিব (ইউপি), স্থানীয় সরকার বিভাগ, ডিজি (এমঅ্যান্ডই), যুগ্মসচিব (.....), স্থানীয় সরকার বিভাগে, ইউএনডিপি, ইউএনসিডিএফ। ইউপি'র প্রজেক্ট ম্যানেজার সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

বাইরের মূল্যায়নের জন্য এলজিডি একটি নিরপেক্ষ ও স্বাধীন নিরীক্ষা কাম মূল্যায়ন দল নিয়োগ করবে। এর অর্থায়ন হবে এলজিএসপি-২-এর আওতায়। ওই নিরীক্ষা দলকে এমনভাবে নিয়োগ দিতে হবে যেন প্রতিবছর সেপ্টেম্বর মাসের মধ্যে তারা মাঠে নামতে পারেন। এই দল নির্বাচনের ক্ষেত্রে বিবেচ্য বিষয়গুলোর মধ্যে থাকবে নিরীক্ষণের যোগ্যতা, নিরপেক্ষতা, স্থানীয় প্রশাসন ও স্থানীয় সরকারের কার্যাবলি সম্পর্কে অভিজ্ঞতা (বিশেষ করে ইউপি) এবং সঠিক ও নির্ভরযোগ্য সিদ্ধান্ত-গ্রহণের যোগ্যতা। তাদের সামর্থ্য এবং কাজ করার সময় ইউপিগুলোর সঙ্গে আচরণের বিষয়টিও বিবেচনায় নেওয়া হবে। এ বিষয়টিকে গুরুত্ব দেওয়ার কারণ হচ্ছে, ওই মূল্যায়ন শুধু একটি স্কোরের ফলাফলই দেবে না, মূল্যায়নটি সংশ্লিষ্ট ইউপি'র একটি সঠিক চিত্র উপস্থাপন করবে, যা থেকে শিখে তারা ভবিষ্যতে কাজের উন্নয়ন ঘটাতে পারবে। এলজিডি/ইউপি'র বাইরের নিরীক্ষা দলকে মাঠে নামার আগে কাজের সঙ্গে পরিচয় করিয়ে দিতে তিন দিনের একটি প্রশিক্ষণ দেবে।

টেক্সট বক্স ৩.১ : এলজিডি পারফরম্যান্স যাচাই কমিটির কাজ

- বাইরের মূল্যায়ন দলের সদস্যদের বাছাই ও নিয়োগ
- মূল্যায়নের কৌশল বার্ষিক ভিত্তিতে যাচাই ও অনুমোদন (আগের বছরের মূল্যায়ন পর্যালোচনার পর)
- মূল্যায়ন কাজের ঘোষণা দেওয়া ও তা পর্যবেক্ষণ করা
- ফলাফল গ্রহণ ও পর্যালোচনা করা
- ফলাফল প্রচার করা
- আপিলের বিষয়ে ব্যবস্থা নেওয়া
- চূড়ান্ত পারফরম্যান্স মূল্যায়ন ফলাফল নিশ্চিত করা এবং তার ভিত্তিতে অনুদান বরাদ্দ নিশ্চিত করা
- পর্যালোচনা ম্যানুয়েল হালনাগাদ করা

বাইরের নিরীক্ষা দল দিয়ে মূল্যায়নের কমপক্ষে তিন সপ্তাহ আগে ইউপিগুলোকে এ বিষয়ে অবহিত করে তাদেরকে পারফরম্যান্স মূল্যায়ন ম্যানুয়েল (পিএএম) সরবরাহ করতে হবে। এ সময় ইউপিগুলো নিজেদের অভ্যন্তরীণ প্রস্তুতি মূলক মূল্যায়ন হিসেবে একটি আত্মমূল্যায়ন করবে। এই 'প্রস্তুতি মূলক মূল্যায়ন' ইউপিগুলোকে আনুষ্ঠানিক মূল্যায়নের জন্য তৈরি হতে সহায়তা করবে। এটি আনুষ্ঠানিক মূল্যায়নকে দক্ষ করে তুলবে। একই সঙ্গে আত্মমূল্যায়নের সময় পারস্পরিক আলোচনার ফলে ইউপিগুলো অনেক কিছু শিখবে এবং পারফরম্যান্সের বিভিন্ন ঘাটতি চিহ্নিত হবে। এতে এমন কিছু ত্রুটি বের হয়ে আসতে পারে, যা হয়তো আনুষ্ঠানিক মূল্যায়নের আগেই সংশোধন করা দরকার হবে।

৩.৪ মূল্যায়নের ফলাফল ঘোষণা ও আপিলের সম্ভাবনা

পারফরম্যান্স মূল্যায়নকারী দলগুলো ফলাফল জমা দেওয়ার পর এলজিডি একটি মূল্যায়ন কমিটির মাধ্যমে 'গুণগত মানের নিশ্চয়তা' পর্যালোচনা করবে। এর আওতায় হয়তো দৈবচয়নের ভিত্তিতে কয়েকটি ইউপি'র ক্ষেত্রে পারফরম্যান্স মূল্যায়নকারী দলগুলোর কাজ যাচাই করা হবে। ওই কমিটি মূল্যায়নের ফলাফলের ভুলত্রুটি বা বাদ পড়া বিষয় চিহ্নিত করবে। পারফরম্যান্স মূল্যায়নকারী দলগুলোর সঙ্গে আলোচনা করে তা ঠিক করা হবে।

কমিটি যদি মূল্যায়ন দলের কাজে সন'ষ্ট হয়, তাহলে ওই ফলাফল প্রতিবেদনগুলো অনুমোদন করবে। তখন এনপিডি আনুষ্ঠানিকভাবে ফলাফলগুলো প্রকাশ করবেন। কোনো কারণে যদি মূল্যায়ন কমিটি পারফরম্যান্স মূল্যায়নকারী দলগুলোর সিদ্ধানে-র ব্যাপারে একমত না হয়, তাহলে এনপিডি এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান-নেবেন।

মূল্যায়নের ফলাফল ব্যাপকভাবে প্রচার করতে হবে। সব ইউপি'র নোটিশ বোর্ডে তা টাঙানো উচিত। নীতিগতভাবে প্রতিবছরের জানুয়ারি মাসের মধ্যে তা করতে হবে।

টেক্সট বক্স ৩.২: পারফরম্যান্স মূল্যায়ন প্রক্রিয়ার বার্ষিক ক্যালেন্ডার

- এপ্রিল: এনপিডি/এলজিডি পিএমের সঙ্গে আলোচনা করে মূল্যায়নকারী দল নিয়োগ প্রক্রিয়া শুরু করবে। জুলাই মাসের মধ্যে তা শেষ করতে হবে।
- আগস্ট: এলজিডি/এনপিডি ইউপিগুলোর কাছে পারফরম্যান্স মূল্যায়ন কার্যক্রমের ঘোষণা করবে। তখন আগে তারা নিজেরা নিজেদের পারফরম্যান্স মূল্যায়ন করবে এবং দলকে প্রশিক্ষণ দেবে।
- সেপ্টেম্বর/অক্টোবর: বাইরের মূল্যায়নকারী মাঠে নামবে। অক্টোবর শেষ হওয়ার আগেই তারা প্রতিবেদন জমা দেবে।
- ৩০ নভেম্বর: মূল্যায়ন ফলাফল (স্কোর) ঘোষণা করা হবে।
- ৩১ ডিসেম্বর: আপিলের সময় শেষ হবে।
- জানুয়ারি: বরাদ্দের আনুষ্ঠানিক ঘোষণা (ফেব্রুয়ারিতে সরবরাহ)।

(দ্রষ্টব্য: প্রথম এক বা দুই বছর বিভিন্ন পদক্ষেপ বিলম্বিত হতে পারে এবং ব্যতিক্রমী কিছু ব্যবস্থা গ্রহণ করতে হতে পারে)।

কোনো ইউপি প্রাথমিক মূল্যায়নের ফলাফলের সঙ্গে একমত না হলে তারা জেলা অভিযোগ কমিটির কাছে আপিল করতে পারবে। জেলা অভিযোগ কমিটিতে জেলা প্রশাসক (বা জেলা প্রশাসকের মনোনীত ব্যক্তি) চেয়ারম্যান হবেন। এতে দুজন সদস্য থাকবেন- ডিডিএলজি এবং ডিসির মনোনীত সুশীল সমাজের একজন প্রতিনিধি।

মূল্যায়নের ফল আনুষ্ঠানিকভাবে প্রকাশ করার ১০ দিনের মধ্যে আপিল করতে হবে। কমিটি তা পর্যালোচনা ও খতিয়ে দেখার জন্য ১৫ দিন সময় পাবে। এরপর সুপারিশসহ এলজিডি বরাবর পাঠিয়ে দেবে। সংশ্লিষ্ট ইউপিকেও এর কপি দিতে হবে।

এলজিডির গঠিত মূল্যায়ন কমিটি অভিযোগ (যদি পায়) পর্যালোচনা করবে এবং যেসব বিষয় উঠে আসবে তা নিয়ে একটি বৈঠক করবে। এর ওপর চূড়ান্ত সিদ্ধান- দেবেন এনপিডি। আপিল আবেদন সর্বশেষ ডিসেম্বরের মধ্যে নিষ্পত্তি করতে হবে। এলজিডি/এনপিডি জাতীয় ও স্থানীয় /আঞ্চলিক সংবাদপত্রে বরাদ্দের পরিমাণসহ (নিচে উল্লিখিত পদ্ধতিতে হিসাব করা) চূড়ান্ত ফলাফল প্রকাশ করবে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে ফলাফল ঘোষণা করা যেতে পারে।

অন্যদিকে ইউপিগুলো তাদের মূল্যায়নের ফলাফল ও প্রাপ্ত বরাদ্দের তথ্য প্রকাশ করবে। নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি দিয়ে বা ইউপি প্রাঙ্গণে জনসভার আয়োজন করে তা করা যেতে পারে।

নিচের কাঠামো ব্যবহার করে এলজিডির প্রকাশ করা ফলাফলের মাধ্যমে প্রকৃত বরাদ্দের ওপর ইউপি'র পারফরম্যান্সের প্রভাব বোঝা যাবে। আশা করা হয়, ইউপিগুলোও একই কাঠামোতে তথ্য প্রকাশ করবে।

৩.৫: পারফরম্যান্স যাচাই ও বরাদ্দ হিসাবের জন্য সক্ষমতা

পারফরম্যান্স কমপ্লিমেন্টের আওতায় যোগ্য ইউপিগুলোর প্রাপ্য বরাদ্দের পরিমাণ হিসাব করার জন্য পারফরম্যান্স মূল্যায়নের স্কের ব্যবহার করা হবে।

সবাই যাতে পারফরম্যান্স স্কেরের গুরুত্ব বোঝে সে জন্য শুধু সবচেয়ে বেশি স্কের করা ৪০০টি ইউপিকে বরাদ্দকমপ্লিমেন্ট দেওয়া হবে। খসড়াভাবে বলা যায়, ৭০ শতাংশ ইউপি তা পাবে।

দ্বিতীয়ত, ইপিবিজি (বরাদ্দ) পেতে ইউপিগুলোকে বিবিজি পাওয়ার ন্যূনতম শর্তগুলো পূরণ করতে হবে। এ শর্তগুলো হলো:

- ১। নিখুঁত নিরীক্ষা প্রতিবেদন (সর্বশেষ নিরীক্ষা)।
- ২। অংশগ্রহণমূলকভাবে বার্ষিক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে তার প্রমাণ। বাজেটসহ পরিকল্পনা নিয়ে উন্মুক্তভাবে আলোচনা হতে হবে।
- ৩। নির্ধারিত সময়ে ষাণ্মাসিক আর্থিক ও অগ্রগতির প্রতিবেদন^৩।

প্রতিটি ব্যয় বরাদ্দ ওপরে উল্লেখ করা সর্বশেষ 'এমসি'র (মিনিমাম কন্ডিশন) সঙ্গে সম্পর্কিত। ইউপিগুলোকে অবশ্যই সর্বশেষ অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে হবে। তা না হলে তহবিল হস্তান্তর স্থগিত থাকবে।

সবচেয়ে কম স্কের করা ৩০ শতাংশ ইউপিগুলোর সমস্যা চিহ্নিত করতে ইউপিজিপির সামর্থ্য বাড়ানো কার্যক্রমের আওতায় উদ্যোগ নেওয়া হবে। যদি দেখা যায়, চেষ্টার অভাবে নয়; বরং সামর্থ্যের অভাবেই ইউপিগুলো পিছিয়ে আছে, তাহলে এ ব্যাপারে তাদেরকে সহায়তা দেওয়া হবে।

*** সাধারণভাবে এটা কোনো সমস্যা হওয়ার কথা নয়। কারণ, ইপিবিজি যেহেতু শুধু ভালো স্কের করা ইউপিগুলোই পাবে, তাদের এমসি (মিনিমাম কন্ডিশন) লক্ষ্যমাত্রাও পূরণ করতে পারার কথা।**

সর্বোচ্চ স্কের করা ৭০ শতাংশ ইউপির (অর্থাৎ ৪০০ ইউপি) প্রাপ্য বরাদ্দ হিসাব করা হবে তাদের পারফরম্যান্স স্কের হিসাব করে। তবে এ ক্ষেত্রে জনসংখ্যার ঘনত্ব ও আয়তনের বিষয়গুলোও বিবেচনায় আসবে (বিবিজির নমনীয় নিয়ামকগুলোর অনুরূপ: দেখুন টেক্সট বক্স ২.৩)। উদাহরণ হিসাবে বলা যায়, সমান স্কের করা ২টি ইউপির ক্ষেত্রে বেশি জনসংখ্যার বা বেশি আয়তনের ইউপি বেশি অর্থ বরাদ্দ পাবে।

গড়ে প্রতিটি ইউপি প্রতিবছরের জন্য ৩,৪৪,০০০/- টাকা পারফরম্যান্স বরাদ্দ পাবে (তবে মনে রাখতে হবে, কখনো কখনো এটা পরিবর্তন হতে পারে। তা হবে পারফরম্যান্স স্কের, আয়তন বা জনসংখ্যার পার্থক্যের কারণে।)

৩.৬: অতিরিক্ত বরাদ্দ হিসেবে 'বর্ধিত পারফরম্যান্স গ্র্যান্টস'

ইউপিজিপি পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ হলো বিবিজি ও পিবিজি বরাদ্দের (এলজিএসপি-২-এর অধীন; দেখুন টেক্সট বক্স ৩.৩) পরিপূরক এবং এ কারণে ইউপির স্বতন্ত্র বরাদ্দের একটি অবিচ্ছেদ্য অংশ।

পিবিজি এবং ইপিবিজির পার্থক্য হলো, পিবিজি ন্যূনতম ১২টি সূচকের ওপর ভিত্তি করে বরাদ্দ দেওয়া হয়, আর ইপিবিজি বরাদ্দ হয় ৪১টি সূচকের একটি বর্ধিত গুচ্ছের ভিত্তিতে।

৭টি ইউপিজিপি জেলায় বর্ধিত পারফরম্যান্সভিত্তিক বরাদ্দ (ইপিবিজি) পাবে শুধু ওই ইউপিগুলো:

^৩ সাধারণভাবে এটা কোনো সমস্যা হওয়ার কথা নয়। কারণ, ইপিবিজি যেহেতু শুধু ভালো স্কের করা ইউপিগুলোই পাবে, তাদের এমসি (মিনিমাম কন্ডিশন) লক্ষ্যমাত্রাও পূরণ করতে পারার কথা।

- যারা বিবিজির জন্য ন্যূনতম শর্ত (মিনিমাম কন্ডিশন বা এমসি) পূরণ করতে পেরেছে (ওপরে দেখুন)। বিবিজির ন্যূনতম শর্ত পূরণে ব্যর্থ ইউপির জন্য কোনো বরাদ্দ হবে না।
- ৭ জেলায় সর্বোচ্চ স্কোর করা ৪০০ ইউপির (মোটের ৭০%) মধ্যে থাকবে। নিচের ৩০ শতাংশ বরাদ্দ থেকে বাদ পড়বে।
- পৃথকভাবে একক ইউপির জন্য ইপিবিজির হিসাব করতে হবে এভাবে:
- প্রথমেই সূচক-স্কোরের ভিত্তিতে জেলা ধরে ধরে সর্বোচ্চ স্কোর করা ৪০০ ইউপি (৭০%) চিহ্নিত করা হবে। জেলা ধরে ধরে বাছাইয়ের ফলে প্রতিযোগিতা হবে সমতার ভিত্তিতে। কোনো জেলায় অনেক বেশি এবং কোনো জেলায় অনেক কম ইউপি নির্বাচিত হওয়ার আশঙ্কা থাকবে না। বিভিন্ন অঞ্চলের মধ্যে ইউপিগুলোর পরিসি'তি ও সামর্থ্যের মধ্যে তফাত থাকার বিষয়টি বিবেচনায় নিতে হবে।
- এভাবে নির্বাচিত ইউপিগুলোর জন্য স্কোরগুলো ইউপি জনসংখ্যা ও আয়তনের সমান-রালে বিবেচনা করা হবে। যেভাবে মৌলিক বরাদ্দের হিসাব করা হয়। এর তুলনামূলক পর্যালোচনার ভিত্তিতেই ইউপিগুলোর বাজেট বরাদ্দ করা হবে। আয়তন ও জনসংখ্যা পৃথক 'কিন' একই স্কোর করা ইউপিগুলোর বরাদ্দ যেন একই হারে বৃদ্ধি পায় তা নিশ্চিত করতেই এ তুলনা করা হয়।

কাল্পনিক স্কোরের ভিত্তিতে ৫টি কাল্পনিক ইউপির জন্য বিবিজি ও ইউপিজিপি/ইপিবিজি এর হিসাব সারণি ৩.২ এ দেখানো হলো

এলজিএসপি-২-এর আওতায় বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের অর্থায়নপুষ্ট বেসিক থোক গ্র্যান্টস দুই কিসি-তে দেওয়া হবে। প্রথমটি আগস্ট/সেপ্টেম্বরে এবং দ্বিতীয়টি ফেব্রুয়ারি/মার্চে। ইউপিজিপি/ইপিবিজি দেওয়া হবে দুই কিসি-তে- এলজিএসপি/বিবিজির কিসি-র সঙ্গে একত্রে বা এক সময়ে।

এ সবগুলো তহবিল (বিবিজি, পিবিজি ও ইপিবিজি) মিলেই হয় ইউপির স্বেচ্ছাধীন উন্নয়ন তহবিল। আগে যেমনটি ব্যাখ্যা করা হয়েছে, ইউপিজিপি জেলার ইউপিগুলোর জন্য নির্ধারিত এ তহবিলের চারটি অংশ রয়েছে। ৩.১ নম্বর চিত্রে এটি দেখানো হলো:

টেক্সট বক্স ৩.৩: এলজিএসপি/বিবিজির অধীনে বরাদ্দ

